| আইসিটি শাখা<br>পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা | |
|---|---|
| তারিখঃ ০৪/০৮/২৬ | |
| ডায়রী নং- ৫৭৭৬ | |
| এআইজি আইসিটি | |
| অতিঃ এসপি (আইসিটি) | |
| এএসপি (আইসিটি) | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স
৬, ফিনিক্স রোড, ফুলবাড়িয়া
ঢাকা-১০০০
www.police.gov.bd

স্মারক নং-৪৪.০১.০০০০.০২৮.০৪.০২২.২৬- ৯২৭৬

তারিখ : ২০ শ্রাবণ, ১৪৩৩ বঙ্গাব্দ / ০৪ আগস্ট, ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয় : বাংলাদেশ পুলিশের অধস্তন কর্মকর্তা এবং কর্মচারীগণের ২০২৬ সালের বিভাগীয় পদোন্নতি পরীক্ষার বিজ্ঞপ্তি প্রকাশ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পুলিশের অধস্তন কর্মকর্তা এবং কর্মচারীগণের ২০২৬ সালের বিভাগীয় পদোন্নতি পরীক্ষায় সকল পদে অংশগ্রহণকারী প্রার্থীদের পদভিত্তিক কেন্দ্রীয় মেধাতালিকা প্রণয়নের লক্ষ্যে পুলিশের অধস্তন কর্মকর্তা এবং কর্মচারীদের বিভাগীয় পদোন্নতি পরীক্ষা-২০২৬ আগামী ০২.১০.২০২৬ খ্রি. হতে অনুষ্ঠিত হবে।

উক্ত পরীক্ষার বিজ্ঞপ্তি বাংলাদেশ পুলিশ ওয়েবসাইট www.police.gov.bd এ প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত : ৩৩ (তেত্রিশ) পাতা

০৪.০৮.২০২৬
**মোঃ আবু হাসান**, বিপিএম-সেবা
বিপি-৭৫০৫১০৯০২১
অ্যাডিশনাল ডিআইজি
রিক্রুটমেন্ট অ্যান্ড ক্যারিয়ার প্ল্যানিং-১
বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
ফোন ও ফ্যাক্স-০২-২২৩৩৫৫৩১৯
ই-মেইল : addldigr_cp1@police.gov.bd

বিতরণ :

এআইজি (আইসিটি)
বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা

E:\R & CP-1\2026\DEP EXAM-2026\New folder\Letter.docx

অতীব জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স
৬, ফিনিক্স রোড, ফুলবাড়িয়া
ঢাকা-১০০০
www.police.gov.bd

স্মারক নং-৪৪.০১.০০০০.০২৮.০৪.০২২.২৬-১২৮২(১৮৩)

তারিখ : ২০ শ্রাবণ, ১৪৩৩ বঙ্গাব্দ
০৪ আগস্ট, ২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয় : **পুলিশের অধস্তন কর্মকর্তা এবং কর্মচারীগণের ২০২৬ সালের বিভাগীয় পদোন্নতি পরীক্ষার সময়সূচি এবং পরীক্ষা গ্রহণ সংক্রান্ত নির্দেশনা প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, **পুলিশের অধস্তন কর্মকর্তা এবং কর্মচারীগণের ২০২৬ সালের বিভাগীয়** পদোন্নতি পরীক্ষায় প্রার্থীগণের যোগ্যতা, পরীক্ষার বিষয়, বোর্ড গঠন, প্রশ্নপত্র গ্রহণ ও ফটোকপি, বিতরণ, প্যারেড, ক্যাম্প প্রশিক্ষণ ও পরীক্ষা গ্রহণ, উত্তরপত্র কোডিং, মূল্যায়ন ইত্যাদি সংক্রান্ত ১৯৯১ সালের অনুমোদিত সিলেবাস ও পরবর্তীকালে পুলিশ হেডকোয়ার্টার্স হতে জারিকৃত নির্দেশনাবলিসহ নিম্নোক্ত নির্দেশনাবলি যথাযথভাবে অনুসরণপূর্বক পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পাদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, ***জেলা/ইউনিট হতে প্রেষণে কর্মরত সদস্যদেরকে নিজ নিজ জেলা/ইউনিটের মাধ্যমে পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন করতে হবে।***

**উল্লেখ্য, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা হতে জারিকৃত পরিপত্র নং-৩, তারিখ-২৭/০৮/২০১৫ খ্রিস্টাব্দ এর নির্দেশনা অনুযায়ী কনস্টেবল হতে নায়েক, কনস্টেবল/নায়েক হতে এএসআই (নিরস্ত্র) এবং এএসআই (নিরস্ত্র) হতে এসআই (নিরস্ত্র) পদে ২০১৯ সাল হতে বিভাগীয় পদোন্নতি পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে বাধ্যতামূলক প্রশিক্ষণ/প্রশিক্ষণসমূহ সম্পন্নকরণের পূর্বশর্ত অনিবার্য কারণবশত পূর্বের ধারাবাহিকতায় আসন্ন বিভাগীয় পদোন্নতি পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে শিথিল করা হয়েছে।**

২। <u>পুলিশের অধস্তন কর্মকর্তা এবং কর্মচারীগণের বিভাগীয় পদোন্নতি পরীক্ষায় অংশগ্রহণ সংক্রান্ত নির্দেশনাবলি</u>

১৯৯১ সালে জারিকৃত বাংলাদেশ পুলিশের অধস্তন কর্মকর্তা এবং কর্মচারীগণের বিভাগীয় পদোন্নতি পরীক্ষার পদ্ধতি ও উহার অনুমোদিত সিলেবাস এবং পুলিশ হেডকোয়ার্টার্স হতে সময়ে সময়ে জারিকৃত আদেশ অনুযায়ী বিভাগীয় পদোন্নতি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা, নম্বর বণ্টন, চাকরির বয়সসীমা নির্ধারণ, পুরস্কার ও সাজা প্রাপ্তির উপর নম্বর বণ্টন, বিভাগীয় মামলায় প্রদত্ত শাস্তির মেয়াদ গণনা ও পিআইএমএস ডাটা হালনাগাদকরণের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনাবলি অনুসরণ করতে হবে:

ক. **বিভাগীয় পদোন্নতি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা ও নম্বর বণ্টন**

| ক্রম | পদোন্নতি পরীক্ষা | অংশগ্রহণের যোগ্যতা | নম্বর বণ্টন |
|---|---|---|---|
| ১. | কনস্টেবল হতে নায়েক পদ | ক। মৌলিক প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে।<br>খ। কনস্টেবল পদে ৩ (তিন) বছর চাকরি সম্পন্ন হতে হবে।<br>গ। কনস্টেবল পদে স্থায়ী হতে হবে।<br>ঘ। আইন-শৃঙ্খলা, অপরাধ দমন ও গোয়েন্দা তথ্য বিষয়ক প্রশিক্ষণ (৪ সপ্তাহ মেয়াদি) সফলভাবে সমাপ্ত করতে হবে *(এ শর্ত ২০১৯ সালের পদোন্নতি হতে কার্যকর করা হবে মর্মে উল্লেখ থাকলেও অনিবার্য কারণবশত আলোচ্য পরীক্ষায় শিথিল করা হয়েছে)*। | মোট নম্বর: ১০০<br>১. ক্যাম্প প্রশিক্ষণ — ২০<br>২. প্যারেড — ৫০<br>৩. সাক্ষাৎকার — ১৫<br>৪. চাকরির খতিয়ান (চাকরির দৈর্ঘ্য-প্রতি দুই বছর চাকরির জন্য ১ নম্বর) — ০৫<br>৫. পুরস্কার — ১০ |
| ২. | নায়েক হতে এএসআই (সশস্ত্র) পদ | ক। নায়েক পদে ৩ (তিন) বছর চাকরি পূর্ণ করতে হবে। এ ক্ষেত্রে নায়েক পদে স্থায়ী হওয়ার শর্ত বাতিল করা হয়েছে। | মোট নম্বর: ১২৫<br>১. ক্যাম্প প্রশিক্ষণ — ২০<br>২. আইন ও বিধির ব্যবহারিক জ্ঞান: লিখিত পরীক্ষা (পুস্তকসহ) — ২৫<br>৩. প্যারেড — ৫০<br>(ক) টার্নআউট — ১০<br>(খ) ড্রিলের উপর নিজ জ্ঞান ও — ২০ |

| ক্রম | পদোন্নতি পরীক্ষা | অংশগ্রহণের যোগ্যতা | নম্বর বণ্টন |
|---|---|---|---|
| | | | দক্ষতা<br>(গ) ড্রিল-কমান্ড (প্লাটুন ড্রিল, ফিল্ড ক্রাফট, অস্ত্র ড্রিল, অস্ত্র পরিচালনা ও রক্ষণাবেক্ষণ ইত্যাদি) ২০<br>৪. সাক্ষাৎকার ও চাকরির খতিয়ান ৩০<br>(ক) সাক্ষাৎকার ১০<br>(খ) চাকরির দৈর্ঘ্য (প্রতি এক বছর নায়েক পদে অফিসিয়েটিং এর জন্য ১ নম্বর) ৫<br>(গ) পুরস্কার ১৫ |
| ৩. | এএসআই (সশস্ত্র) হতে এসআই (সশস্ত্র) পদ | ক। এএসআই (সশস্ত্র) পদে ০৪ (চার) বছর চাকরি পূর্ণ করতে হবে। এ ক্ষেত্রে এএসআই (সশস্ত্র) পদে স্থায়ী হওয়ার শর্ত বাতিল করা হয়েছে।<br>খ। সেকশন লিডার কোর্স (এসএলসি) সফলভাবে সম্পন্ন করতে হবে। | মোট নম্বর: ১৫০<br>১. আইন ও বিধির ব্যবহারিক জ্ঞান: লিখিত পরীক্ষা (পুস্তকসহ) ৫০<br>২. প্যারেড ৫০<br>(ক) ড্রিলের উপর নিজ জ্ঞান ও দক্ষতা কমান্ড (প্লাটুন ড্রিল, রায়ট ড্রিল) ২৫<br>(খ) ফিল্ড ক্রাফট, অস্ত্র ড্রিল, অস্ত্র পরিচালনা ও রক্ষণাবেক্ষণ ২৫<br>৩. সাক্ষাৎকার ও চাকরির খতিয়ান ৫০<br>(ক) সাক্ষাৎকার ২৫<br>(খ) চাকরির দৈর্ঘ্য (এএসআই (সশস্ত্র) হিসেবে প্রতি ১ বছর চাকরির জন্য ১ নম্বর) ১০<br>(গ) পুরস্কার ১৫ |
| ৪. | কনস্টেবল হতে এটিএসআই | ক। মৌলিক প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে।<br>খ। কনস্টেবল পদে ৬ (ছয়) বছর চাকরি সম্পন্ন হতে হবে।<br>গ। কনস্টেবল পদে স্থায়ী হতে হবে। | মোট নম্বর: ১২৫<br>১. ক্যাম্প প্রশিক্ষণ ২০<br>২. আইন ও বিধির ব্যবহারিক জ্ঞান: লিখিত পরীক্ষা (পুস্তকসহ) ৮৫<br>৩. প্যারেড ০৫<br>৪. চাকরির খতিয়ান ১৫<br>চাকরির দৈর্ঘ্য-০৫ নম্বর (প্রতি দুই বছর চাকরির জন্য ০১ নম্বর) ও<br>পুরস্কার-১০ নম্বর |
| ৫. | এটিএসআই হতে টিএসআই পদ | ক। এটিএসআই পদে ৬ (ছয়) বছর চাকরি সম্পন্ন করতে হবে।<br>খ। এটিএসআই পদে স্থায়ী হতে হবে।<br>গ। ০৮ (আট) সপ্তাহ মেয়াদি নবায়ন কোর্স বাধ্যতামূলকভাবে সম্পন্ন করতে হবে। | মোট নম্বর: ১৫০<br>১. ক্যাম্প প্রশিক্ষণ ২০<br>২. আইন ও বিধির ব্যবহারিক জ্ঞান: লিখিত পরীক্ষা (পুস্তকসহ) ৭৫<br>৩. প্যারেড ২৫<br>(ক) ড্রিলের উপর নিজ জ্ঞান ও দক্ষতা ১০<br>(খ) কমান্ড (স্কোয়ার্ড ড্রিল, ফিল্ড ক্রাফট ইত্যাদি) ১৫<br>৪. সাক্ষাৎকার ও চাকরির খতিয়ান ৩০<br>(ক) সাক্ষাৎকার ১০<br>(খ) চাকরির দৈর্ঘ্য (এটিএসআই হিসেবে প্রতি এক বছর চাকরির জন্য ১ নম্বর) ৫<br>(গ) পুরস্কার ১৫ |
| ৬. | কনস্টেবল/নায়েক হতে এএসআই | ক। কনস্টেবল পদে যোগদানের তারিখ হতে ৬ (ছয়) বছর | মোট নম্বর: ১২৫ |

| ক্রম | পদোন্নতি পরীক্ষা | অংশগ্রহণের যোগ্যতা | নম্বর বণ্টন |
|---|---|---|---|
| | (নিরস্ত্র) পদ | চাকরি সম্পন্ন হতে হবে।<br>খ। মৌলিক প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে।<br>গ। বিভাগীয় পদোন্নতি পরীক্ষায় অংশগ্রহণের পূর্বে সফলভাবে নিম্নোক্ত ২টি প্রশিক্ষণ সমাপ্ত করতে হবে;<br>১. প্রাথমিক তদন্ত বিষয়ক প্রশিক্ষণ (৮ সপ্তাহ মেয়াদি)<br>২. আইন-শৃঙ্খলা, অপরাধ দমন ও গোয়েন্দা তথ্য বিষয়ক প্রশিক্ষণ (৪ সপ্তাহ মেয়াদি)।<br>*(এ শর্ত ২০১৯ সালের পদোন্নতি হতে কার্যকর করা হবে মর্মে উল্লেখ থাকলেও অনিবার্য কারণবশত আলোচ্য পরীক্ষায় শিথিল করা হয়েছে)।*<br>ঘ। কনস্টেবল/নায়েক পদে স্থায়ী হতে হবে।<br>ঙ। লিখিত পরীক্ষার সিলেবাস ও বিষয়বস্তুর উপর ৩০ মিনিট সময়ের জন্য ৫০ নম্বরের একটি বহুনির্বাচনি (এমসিকিউ) পরীক্ষা অনুষ্ঠিত হবে। বহুনির্বাচনি পরীক্ষায় ৬০% নম্বর প্রাপ্ত পরীক্ষার্থীগণ লিখিতসহ অন্যান্য পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য হবে। | ১. আইন ও বিধি (পুস্তকসহ) ৫০<br>২. আইন ও বিধি (পুস্তক ব্যতীত) ৫০<br>৩. প্যারেড ০৫<br>৪. চাকরির খতিয়ান ১৫<br>চাকরির দৈর্ঘ্য-০৫ নম্বর<br>(প্রতি দুই বছর চাকরির জন্য ০১ নম্বর) ও<br>পুরস্কার-১০ নম্বর<br>৫. পরীক্ষার্থী নায়েক হলে অতিরিক্ত যোগ্যতা হিসেবে ০৫<br><br>শুধু স্থায়ী নায়েকগণ কমপক্ষে ৭২ নম্বর পেলে অতিরিক্ত ০৫ নম্বর প্রাপ্ত হবেন। এ ক্ষেত্রে কোনো পরীক্ষার্থী নায়েক পদে স্থায়ী না হয়ে থাকলে, তিনি নায়েক হিসেবে এএসআই (নিরস্ত্র) পদে পদোন্নতি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না। তবে তিনি উক্ত পদোন্নতি পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক হলে, তাকে কনস্টেবল পদের বিপরীতে অংশগ্রহণ করতে হবে।<br>উল্লেখ্য, বহুনির্বাচনি (এমসিকিউ) পরীক্ষায় প্রাপ্ত নম্বর এতদ্‌সঙ্গে যোগ হবে না। |
| ৭. | এএসআই (নিরস্ত্র) হতে এসআই (নিরস্ত্র) পদ | ক। এএসআই (নিরস্ত্র) পদে ৪ (চার) বছর চাকরি সম্পন্ন হতে হবে।<br>খ। তদন্ত বিষয়ক প্রশিক্ষণ (৮ সপ্তাহ মেয়াদি) সফলভাবে সমাপ্ত করতে হবে<br>*(এ শর্ত ২০১৯ সালের পদোন্নতি হতে কার্যকর করা হবে মর্মে উল্লেখ থাকলেও অনিবার্য কারণবশত তা আলোচ্য পরীক্ষায় শিথিল করা হয়েছে)।*<br>গ। এএসআই (নিরস্ত্র) পদে স্থায়ী হতে হবে।<br>ঘ। লিখিত পরীক্ষার সিলেবাস ও বিষয়বস্তুর উপর ৩০ মিনিট সময়ের জন্য ৫০ নম্বরের একটি বহুনির্বাচনি (এমসিকিউ) পরীক্ষা অনুষ্ঠিত হবে। বহুনির্বাচনি পরীক্ষায় ৬০% নম্বর প্রাপ্ত পরীক্ষার্থীগণ লিখিতসহ অন্যান্য পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য হবে। | মোট নম্বর: ১৫০<br><br>১. আইন ও বিধি (পুস্তকসহ) ৬০<br>২. আইন ও বিধি (পুস্তক ব্যতীত) ৬৫<br>৩. প্যারেড ০৫<br>৪. চাকরির খতিয়ান ২০<br>চাকরির দৈর্ঘ্য-০৫ নম্বর<br>(প্রতি দুই বছর অফিসিয়েটিং চাকরির জন্য ০১ নম্বর) ও<br>পুরস্কার-১৫ নম্বর<br><br>উল্লেখ্য, বহুনির্বাচনি (এমসিকিউ) পরীক্ষায় প্রাপ্ত নম্বর এতদ্‌সঙ্গে যোগ হবে না। |
| ৮. | কনস্টেবল হতে এএসআই পদ (টেলিকম) | ক। কনস্টেবল হিসেবে ৬ (ছয়) বছর চাকরি সম্পন্ন করতে হবে।<br>খ। মৌলিক প্রশিক্ষণ সমাপ্ত করতে হবে। | মোট নম্বর: ১২৫<br><br>১. আইন ও বিধি: লিখিত পরীক্ষা (পুস্তকসহ) ২০<br>২. টেলিকম সম্পর্কিত জ্ঞান: লিখিত পরীক্ষা- অপারেশন্যাল (পুস্তক ব্যতীত)<br>অথবা, ৫০<br>টেলিকম সম্পর্কিত জ্ঞান: লিখিত পরীক্ষা-মেইনটেন্যান্স (পুস্তক ব্যতীত) |

| ক্রম | পদোন্নতি পরীক্ষা | অংশগ্রহণের যোগ্যতা | নম্বর বণ্টন |
|---|---|---|---|
| | | | ৩. প্রাকটিক্যাল ২০<br>৪. প্যারেড ১০<br>৫. সাক্ষাৎকার ও চাকরির খতিয়ান ২৫<br>(ক) সাক্ষাৎকার ১০<br>(খ) চাকরির দৈর্ঘ্য (প্রতি ১ বছর চাকরির জন্য ১ নম্বর) ৫<br>(গ) পুরস্কার ১০ |
| ৯. | এএসআই হতে এসআই পদ (টেলিকম) | ক। এএসআই হিসেবে ৪ (চার) বছর চাকরি সম্পন্ন করতে হবে।<br>খ। টিঅ্যান্ডআইএম সদর দপ্তরে ৩ সপ্তাহের রিফ্রেসার্স কোর্সে অংশগ্রহণ করতে হবে। | মোট নম্বর: ১৫০<br>১. আইন ও বিধি: লিখিত পরীক্ষা (পুস্তকসহ) ২০<br>২. টেলিকম সম্পর্কিত জ্ঞান: লিখিত পরীক্ষা- অপারেশন্যাল (পুস্তক ব্যতীত) অথবা, টেলিকম সম্পর্কিত জ্ঞান: লিখিত পরীক্ষা-মেইনটেন্যান্স (পুস্তক ব্যতীত) ৫০<br>৩. প্রাকটিক্যাল ৩০<br>৪. প্যারেড ২০<br>৫. সাক্ষাৎকার ও চাকরির খতিয়ান ৩০<br>(ক) সাক্ষাৎকার ১০<br>(খ) চাকরির জ্যেষ্ঠতা (এএসআই হিসেবে প্রতি ২ বছর অফিসিয়েটিং এর জন্য ১ নম্বর) ৫<br>(গ) পুরস্কার ১৫ |

**খ. চাকরির বয়সসীমা নির্ধারণ**

পুলিশ হেডকোয়ার্টার্স স্মারক নং-আরঅ্যান্ডএম/২৯-৯৩/২৯০৫(১০০); তারিখ-৩০/৯/১৯৯৮ খ্রিস্টাব্দ মূলে জারিকৃত নির্দেশনা অনুযায়ী কনস্টেবল হতে নায়েক, নায়েক হতে এএসআই (সশস্ত্র), কনস্টেবল হতে এটিএসআই, এটিএসআই হতে টিএসআই পদে ক্যাম্প প্রশিক্ষণ শুরু করার নির্ধারিত তারিখের পূর্ববর্তী তারিখ পর্যন্ত এবং কনস্টেবল/নায়েক হতে এএসআই (নিরস্ত্র), এএসআই (সশস্ত্র) হতে এসআই (সশস্ত্র), এএসআই হতে এসআই (নিরস্ত্র), কনস্টেবল হতে এএসআই (টেলিকম) ও এএসআই হতে এসআই (টেলিকম) পদে লিখিত পরীক্ষা অনুষ্ঠানের তারিখের পূর্ববর্তী তারিখ পর্যন্ত সংশ্লিষ্ট পদে প্রযোজ্য শর্তানুযায়ী যে সকল প্রার্থীর চাকরির মেয়াদ পূর্ণ হয়েছে কেবল তারাই আলোচ্য পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বলে বিবেচিত হবেন।

**গ. পুরস্কার ও সাজা প্রাপ্তির উপর নম্বর বণ্টন**

পুরস্কার

(ক) কমেনডেশন ও ৫০ টাকা পর্যন্ত প্রতিটি পুরস্কারের জন্য ০.২৫ নম্বর;

(খ) ৫১ টাকা হতে ১০০ টাকা পর্যন্ত প্রতিটি পুরস্কারের জন্য ০.৫০ নম্বর;

(গ) ১০১ টাকা হতে তদূর্ধ্ব ও জিএস মার্ক প্রতিটি পুরস্কারের জন্য ১ নম্বর;

(ঘ) IGP's Exemplary Good Service Badge, প্রতিটি পুরস্কারের জন্য ২ নম্বর;

(ঙ) পিপিএম, প্রতিটি পুরস্কারের জন্য ২.৫ নম্বর এবং

(চ) বিপিএম, প্রতিটি পুরস্কারের জন্য ৩ নম্বর।

সাজা

(ক) গুরুদণ্ড প্রতিটির জন্য ২ নম্বর কর্তন করা হবে এবং

(খ) লঘুদণ্ড প্রতিটির জন্য ০.২৫ নম্বর কর্তন করা হবে।

[বি.দ্র. কোনো অবস্থাতেই কোনো পরীক্ষার্থী পুরস্কারের জন্য বণ্টিত নম্বরের চেয়ে অধিক নম্বর প্রাপ্ত হবে না]

**ঘ. বিভাগীয় মামলায় প্রদত্ত শাস্তির মেয়াদ গণনা**

স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর স্মারক নং-স্বঃমঃ (প-২)-বিধি-২/২০০৬/৩২২; তারিখ- ১০/৫/২০০৭ খ্রিস্টাব্দ মূলে জারিকৃত পত্রের নির্দেশনা (বিভাগীয় মামলায় গুরুদণ্ড প্রাপ্ত কর্মচারীগণ গুরুদণ্ড প্রাপ্তির তারিখ হতে ২ (দুই) বছর পূর্ণ না হওয়া পর্যন্ত বিভাগীয় পদোন্নতি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য হিসেবে বিবেচিত হবে না) এবং পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা এর স্মারক নং-আরঅ্যান্ডএম/৫১-২০০৯/১৫৭৬(১১১); তারিখ- ১০/১১/২০০৯ খ্রিস্টাব্দ মূলে জারিকৃত পত্রের নির্দেশনা (কোনো পুলিশ সদস্য সাময়িক বরখাস্ত থাকলে বা তার বিরুদ্ধে বিভাগীয়

মামলা তদন্তাধীন/ফৌজদারি মামলা বিচারাধীন থাকলে উক্ত পুলিশ সদস্য বিভাগীয় পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না) অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে। স্মারক নং-৪৪.০১.০০০০.০২৮.০৩.০৩৩.১১.২৯৬১; তারিখ-২৫ আগষ্ট ২০১৫ খ্রি. (পরিপত্র নং-৪/২০১৫) মূলে পুলিশ কর্মকর্তা ও কর্মচারীদের পদোন্নতি প্রদানের ক্ষেত্রে বিভাগীয় মামলায় প্রদত্ত শাস্তির ধরণ বিবেচনায় মেয়াদ গণনার বিদ্যমান নির্দেশনা স্পষ্টীকরণে উল্লিখিত কারো গুরুদণ্ডের মেয়াদ ০৩ (তিন) বছরের অধিককাল হলে; প্রাপ্ত গুরুদণ্ডের মেয়াদ শেষঅন্তে তার নাম পদোন্নতির তালিকা/আরএএল-এ অন্তর্ভুক্ত করা যাবে এর মর্মানুযায়ী গুরুদণ্ডের মেয়াদকাল উত্তীর্ণের শেষ বছরে বিভাগীয় পদোন্নতি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য বলে বিবেচিত হবে। এছাড়া উক্ত স্মারকে উল্লিখিত অন্যূন ০৩ (তিন) টি গুরুদণ্ড থাকলে সে ক্ষেত্রে ০৫ (পাঁচ) বছর পর্যন্ত পদোন্নতি/আরএএল-এ অন্তর্ভুক্তির জন্য যোগ্য বিবেচিত হবে না এর মর্মানুযায়ী সর্বশেষ গুরুদণ্ড প্রাপ্তির তারিখ হতে ৪ (চার) বছর পূর্ণ হলে বিভাগীয় পদোন্নতি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য হিসেবে বিবেচিত হবে। এছাড়া কোনো পুলিশ সদস্য সাময়িক বরখাস্ত থাকাকালীন বিভাগীয় পদোন্নতি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য হিসেবে বিবেচিত হবে না।

ঙ. পিআইএমএস ডাটা হালনাগাদ

পুলিশের অধস্তন কর্মকর্তা এবং কর্মচারীগণের-২০২৬ সালের বিভাগীয় পদোন্নতি পরীক্ষায় অংশগ্রহণের জন্য উপযুক্ত সকল প্রার্থীকে অনলাইনে আবেদন করতে হবে বিধায় প্রার্থীর সকল তথ্যাদি (নাম, বিপি নম্বর, পদবি, ইউনিট, জন্ম তারিখ, কনস্টেবল পদে যোগদানের তারিখ, বর্তমান পদে পদোন্নতির তারিখ (প্রযোজ্য ক্ষেত্রে), বর্তমান পদে শিক্ষানবিশ ঘোষণার তারিখ, বর্তমান পদে স্থায়ী হওয়ার তারিখ, এসএসসি/চাকরিতে যোগদানের চাহিত শিক্ষাগত যোগ্যতার পাশের সাল, পুরস্কার ও শাস্তি এবং গুরুদন্ডের ক্ষেত্রে শাস্তির ধরণ, আদেশ নং, আদেশ কার্যালয়, আদেশের তারিখ, শাস্তি শুরুর তারিখ ও শাস্তি শেষের তারিখ (প্রযোজ্য ক্ষেত্রে) সংশ্লিষ্ট জেলা/ইউনিটের রিজার্ভ অফিস কর্তৃক পিআইএমএস ডাটাবেইজ এ হালনাগাদকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। বর্ণিত তথ্যাদি পিআইএমএস ডাটাবেইজে হালনাগাদ না থাকলে আবেদন ফরম গৃহীত হবে না। এছাড়া জেলা/ইউনিট কর্তৃক ক্যাম্প প্রশিক্ষণ, প্যারেড, সাক্ষাৎকার ও চাকরির খতিয়ান সম্পর্কিত কার্যক্রম গ্রহণকালে চাকরির খতিয়ান, পুরস্কার ও শাস্তি সংক্রান্ত তথ্যাদির ভিত্তিতে প্রাপ্ত নম্বর পিআইএমএস ডাটাবেইজ হতে স্বয়ংক্রিয়ভাবে ফলাফল তালিকায় প্রতিস্থাপিত হবে এবং যার ভিত্তিতে কেন্দ্রীয় মেধাতালিকা প্রস্তুত করা হবে।

৩। <u>পরীক্ষার বিষয়, তারিখ ও সময়</u>

পুলিশের অধস্তন কর্মকর্তা এবং কর্মচারীগণের বিভাগীয় পদোন্নতি পরীক্ষা-২০২৬ **পরিশিষ্ট-ক** এ বর্ণিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে।

৪। <u>বিভাগীয় পদোন্নতি পরীক্ষা কেন্দ্র</u>

পুলিশের অধস্তন কর্মকর্তা এবং কর্মচারীগণের বিভাগীয় পদোন্নতি পরীক্ষা-২০২৬ এর বহুনির্বাচনি (এমসিকিউ) পরীক্ষা **পরিশিষ্ট-খ** এবং লিখিত পরীক্ষা **পরিশিষ্ট-গ** এ বর্ণিত ইউনিটে অনুষ্ঠিত হবে। এ ক্ষেত্রে **পরিশিষ্ট-খ** এ উল্লিখিত বহুনির্বাচনি (এমসিকিউ) পরীক্ষা পরিচালনা ইউনিট কর্তৃক নির্ধারিত পরীক্ষা কেন্দ্রে উক্ত ইউনিটের পার্শ্বে উল্লিখিত জেলা/ইউনিটসমূহের পরীক্ষার্থীদের বহুনির্বাচনি (এমসিকিউ) পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। এ ছাড়া **পরিশিষ্ট-গ** এ উল্লিখিত পুলিশ প্রশিক্ষণ প্রতিষ্ঠানের পার্শ্বে বর্ণিত জেলা/ইউনিটসমূহের পরীক্ষার্থীদের উক্ত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে/নির্ধারিত কেন্দ্রে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

৫। <u>বিভাগীয় পদোন্নতি পরীক্ষার বোর্ড গঠন</u>

১৯৯১ সালের পুলিশের অধস্তন কর্মকর্তা এবং কর্মচারীগণের বিভাগীয় পদোন্নতি পরীক্ষা পদ্ধতি এবং উহার অনুমোদিত সিলেবাস ও পুলিশ হেডকোয়ার্টার্স হতে সময়ে সময়ে জারীকৃত আদেশ অনুযায়ী বিভাগীয় পদোন্নতি পরীক্ষার ক্যাম্প প্রশিক্ষণ, প্যারেড, সাক্ষাৎকার ও চাকরির খতিয়ান সম্পর্কিত কার্যক্রম গ্রহণ, বহুনির্বাচনি (এমসিকিউ) পরীক্ষা গ্রহণ, লিখিত পরীক্ষা গ্রহণ, উত্তরপত্র কোডিং ও মূল্যায়নকারী কর্মকর্তার নিকট প্রেরণ, উত্তরপত্র মূল্যায়ন, কোডভিত্তিক টেব্যুলেশন শিট প্রস্তুত ও লিখিত পরীক্ষা পরিচালনা বোর্ডের নিকট প্রেরণ, লিখিত পরীক্ষার উত্তরপত্র ডি-কোডিং ও টেব্যুলেশন শিট প্রস্তুতকরণ এবং কেন্দ্রীয় মেধাতালিকা প্রস্তুতকরণের জন্য বোর্ডসমূহ নিম্নোক্তভাবে গঠিত হবে-

ক. পুলিশ সুপার/অ্যাডিশনাল ডিআইজি বা সমপদমর্যাদার একজন কর্মকর্তার সভাপতিত্বে তিন বা ততোধিক পুলিশ অফিসারের সমন্বয়ে প্রতিটি জেলা/ইউনিটে একটি বিভাগীয় পদোন্নতি পরীক্ষা বোর্ড গঠিত হবে। উক্ত বোর্ডে পার্শ্ববর্তী জেলা/ইউনিটের একজন অতিরিক্ত পুলিশ সুপার বা সহকারী পুলিশ সুপার সদস্য হিসেবে থাকবেন। সংশ্লিষ্ট রেঞ্জ ডিআইজি/ইউনিট প্রধান হিসেবে অ্যাডিশনাল আইজি সদস্য মনোনীত করে এ বোর্ড গঠন করবেন। মেট্রোপলিটন পুলিশ, স্পেশাল ব্রাঞ্চ, সিআইডি, পিবিআই, এটিইউ, নৌ-পুলিশ, ট্যুরিস্ট পুলিশ, এমআরটি, বিপিএ, সারদা, রাজশাহী এবং পুলিশ হেডকোয়ার্টার্সে বিভাগীয় পদোন্নতি পরীক্ষার জন্য ইউনিট প্রধানগণ উপর্যুক্ত নির্দেশনার আলোকে স্ব-স্ব ইউনিট হতে অফিসারের সমন্বয়ে তিন বা ততোধিক সদস্যের বোর্ড গঠন করবেন।

এছাড়া পুলিশ স্টাফ কলেজ, টিডিএস এবং পুলিশ ট্রেনিং সেন্টার পরীক্ষা পরিচালনার জন্য উপরিউক্ত আলোকে স্ব-স্ব ইউনিট হতে অফিসারের সমন্বয়ে তিন বা ততোধিক সদস্যের বোর্ড গঠন করবেন। উক্ত বোর্ডে পার্শ্ববর্তী জেলা/ইউনিটের একজন অতিরিক্ত পুলিশ সুপার বা সহকারী পুলিশ সুপার সদস্য হিসেবে থাকবেন। এ সকল বোর্ড ক্যাম্প প্রশিক্ষণ, চাকরির খতিয়ান বিশ্লেষণ এবং সাক্ষাৎকার গ্রহণ সম্পর্কিত কার্যক্রম সম্পন্ন করবেন। এছাড়া প্যারেড ও ক্যাম্প প্রশিক্ষণ পরীক্ষায় আরআই/একজন পুলিশ পরিদর্শক (সশস্ত্র)কে বোর্ডের সদস্য হিসেবে রাখতে হবে। গঠিত এ বোর্ড শুধুমাত্র প্যারেড ও ক্যাম্প প্রশিক্ষণ পরীক্ষা পরিচালনা ও মূল্যায়ন করবেন। উল্লেখ্য, ইন-সার্ভিস ট্রেনিং সেন্টারসমূহে স্বতন্ত্র বোর্ড গঠন না করে সংশ্লিষ্ট জেলা/ইউনিটে গঠিত বোর্ড ইন-সার্ভিস ট্রেনিং সেন্টারসমূহের পরীক্ষার্থীদের ক্যাম্প প্রশিক্ষণ, প্যারেড, চাকরির খতিয়ান বিশ্লেষণ এবং সাক্ষাৎকার গ্রহণ সম্পর্কিত কার্যক্রম গ্রহণ করবে;

খ. বহুনির্বাচনি (এমসিকিউ) পরীক্ষা পরিচালনার জন্য সংশ্লিষ্ট রেঞ্জ ডিআইজি, নির্ধারিত মেট্রোপলিটন/ইউনিট প্রধান প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তার সমন্বয়ে একটি কমিটি গঠন করবেন। এ ক্ষেত্রে সহায়তা প্রদানের জন্য পুলিশ হেডকোয়ার্টার্স হতে প্রতিনিধি দল প্রেরণ করা হবে;

গ. প্রশিক্ষণ প্রতিষ্ঠান প্রধান (অন্যূন ডিআইজি পদমর্যাদা) এর সভাপতিত্বে পাঁচ/ততোধিক পুলিশ অফিসারের সমন্বয়ে নির্বাচিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে একটি করে লিখিত পরীক্ষা পরিচালনা বোর্ড গঠিত হবে। উক্ত বোর্ডে পুলিশ হেডকোয়ার্টার্স কর্তৃক মনোনীত অতিরিক্ত ডিআইজি/এআইজি বা সমপদমর্যাদার কর্মকর্তা এবং জেলা/ইউনিট হতে কমপক্ষে দুইজন পুলিশ সুপার পদমর্যাদার কর্মকর্তা সদস্য হিসেবে থাকবেন। পুলিশ হেডকোয়ার্টার্স এ সদস্য মনোনয়ন করে বোর্ড গঠন করবেন;

**পরিশিষ্ট-গ** এ উল্লিখিত যে সকল প্রশিক্ষণ প্রতিষ্ঠানের অধীনে সাব-সেন্টার হিসেবে লিখিত পরীক্ষা কেন্দ্র নির্ধারণ করা হয়েছে, সে সকল পরীক্ষা কেন্দ্রের জন্য একজন অতিরিক্ত ডিআইজি'কে কো-অর্ডিনেটর করে উপর্যুক্ত আলোকে লিখিত পরীক্ষা পরিচালনার জন্য একটি সাব-কমিটি গঠন করা হবে যা মূল কমিটির সভাপতির তদারকিতে কার্যক্রম সম্পন্ন করবে। পুলিশ হেডকোয়ার্টার্স এ সদস্য মনোনয়ন করে সাব-কমিটি গঠন করবেন;

ঘ. পুলিশ হেডকোয়ার্টার্স হতে একজন অতিরিক্ত ডিআইজি/এআইজি পদমর্যাদার কর্মকর্তার সভাপতিত্বে অতিরিক্ত পুলিশ সুপার/সহকারী পুলিশ সুপার হতে তদুর্ধ্ব প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তার সমন্বয়ে উত্তরপত্র মূল্যায়নের জন্য এক বা একাধিক দল গঠিত হবে। গঠিত দল নির্দেশিত বিষয়ের উত্তরপত্র মূল্যায়ন করবেন;

ঙ. পুলিশ হেডকোয়ার্টার্স হতে একজন ডিআইজি পদমর্যাদার কর্মকর্তার সভাপতিত্বে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ কর্মকর্তার সমন্বয়ে একটি কেন্দ্রীয় মেধাতালিকা প্রস্তুত কমিটি গঠিত হবে। এ কমিটি জেলা/ইউনিট পর্যায়ে গঠিত বিভাগীয় পদোন্নতি পরীক্ষা বোর্ডের নিকট হতে ক্যাম্প প্রশিক্ষণ, প্যারেড, সাক্ষাৎকার ও চাকরির খতিয়ান সম্পর্কিত প্রাপ্ত টেব্যুলেশন শিট এবং লিখিত পরীক্ষা পরিচালনা বোর্ডের নিকট হতে প্রাপ্ত লিখিত পরীক্ষার চূড়ান্ত টেব্যুলেশন শিট সমন্বয় করে সমন্বিত নম্বরের বৃহৎ ক্রমের ভিত্তিতে পদভিত্তিক পৃথক পৃথক কেন্দ্রীয় মেধাতালিকা প্রস্তুত করবেন এবং

চ. অ্যাডিশনাল আইজি, পুলিশ টেলিকম সংস্থা পরীক্ষা পরিচালনা, উত্তরপত্র মূল্যায়ন, টেব্যুলেশন প্রস্তুত, নিরীক্ষণ ও চূড়ান্ত মেধাতালিকা প্রস্তুতকরণের জন্য ভিন্ন ভিন্ন বোর্ড গঠন করবেন। এ ক্ষেত্রে পুলিশ টেলিকম সংস্থা হতে পুলিশ সুপার বা সমপদমর্যাদার একজন কর্মকর্তার সভাপতিত্বে তিন বা ততোধিক পুলিশ অফিসারের সমন্বয়ে প্রতিটি বোর্ড গঠিত হবে। প্রতিটি বোর্ডে পুলিশ হেডকোয়ার্টার্স হতে মনোনীত একজন পুলিশ সুপার বা অতিরিক্ত পুলিশ সুপার বা সহকারী পুলিশ সুপার সদস্য হিসেবে থাকবেন। এছাড়া প্যারেড পরীক্ষায় আরআই/একজন পুলিশ পরিদর্শক (সশস্ত্র)-কে বোর্ডের সদস্য হিসেবে রাখতে হবে।

৬। <u>বিভাগীয় পদোন্নতি পরীক্ষার আবেদন, প্রার্থী নির্বাচন, পরীক্ষার্থীর রোল নম্বর প্রদান, প্রবেশপত্র ইস্যুকরণ ও পরীক্ষার্থীর তালিকা চূড়ান্তকরণ</u>

ক. www.promotionexam.police.gov.bd লিংকে প্রবেশ করে আগ্রহী প্রার্থীদের যথাযথ তথ্য পূরণের মাধ্যমে অনলাইনে সংশ্লিষ্ট পদোন্নতি পরীক্ষার আবেদন ফরম সাবমিট করতে হবে। এ ক্ষেত্রে **পরিশিষ্ট-ঘ** এ উল্লিখিত অনলাইন ফরম পূরণ নির্দেশিকা অনুসরণ করে প্রার্থীকে ফরম পূরণ করতে হবে। আবেদনপত্রের একটি প্রিন্ট কপি অবশ্যই সংশ্লিষ্ট জেলা/ইউনিট প্রধান বরাবর দাখিল করতে হবে। এ ক্ষেত্রে ফরম পূরণে কোনো সহযোগিতা প্রয়োজন হলে ০১৯১০-৩২৪০৭৭, ০১৩৩৪-৯৫২৭৩০, ০১৭০১৬৯৩৭৬৬ নম্বরে যোগাযোগ করতে হবে;

খ. অনলাইনে আবেদন ফরম পূরণের তারিখ **০৫ আগস্ট ২০২৬ হতে ৩১ আগস্ট ২০২৬** তারিখ পর্যন্ত হবে;

গ. অনলাইনে দাখিলকৃত আবেদনসমূহ প্রতিটি জেলা/ইউনিট হতে ০১ (এক) জন অতিরিক্ত পুলিশ সুপার/সহকারী পুলিশ সুপার পদমর্যাদার কর্মকর্তা কর্তৃক 10.201.31.30:7576 লিংকে প্রবেশকরত ০৭ সেপ্টেম্বর ২০২৬ খ্রি. তারিখের মধ্যে প্রাথমিকভাবে যাচাই কার্যক্রম সম্পন্ন করতে হবে। এ ক্ষেত্রে উক্ত কর্মকর্তাকে পুলিশ হেডকোয়ার্টার্স হতে Username এবং Password গোপনীয়তা রক্ষা করে প্রেরণ করা হবে। এ কার্যক্রমে প্রাথমিক যাচাইকারী কর্মকর্তাকে অবশ্যই প্রার্থীর চাকরির খতিয়ান বহির সাথে আবেদনে উল্লিখিত তথ্যাদি মিলিয়ে নিতে হবে। বিশেষ করে বিভাগীয় মামলায় প্রদত্ত শাস্তির মেয়াদ গণনা সম্পূর্ণরূপে চাকরির খতিয়ান বহির তথ্য হতে মিলিয়ে নিয়ে বিভাগীয় পদোন্নতি পরীক্ষায় অংশগ্রহণে যোগ্য অথবা অযোগ্য মর্মে মতামত প্রদান করতে হবে। এ ক্ষেত্রে **পরিশিষ্ট-ঙ** এ উল্লিখিত নির্দেশনা অনুসরণ করে প্রাথমিকভাবে যাচাইকারী কর্মকর্তাকে প্রার্থীদের আবেদন যাচাই কার্যক্রম সম্পন্ন করতে হবে;

ঘ. প্রাথমিকভাবে যাচাইকারী কর্মকর্তা কর্তৃক যাচাইকৃত আবেদনসমূহ চূড়ান্তভাবে যাচাইকারী কর্মকর্তা হিসেবে জেলা/ইউনিট প্রধান (পুলিশ সুপার/অ্যাডিশনাল ডিআইজি বা সমপদমর্যাদার কর্মকর্তা) কর্তৃক 10.201.31.30:7576 লিংকে প্রবেশকরত ১৫ সেপ্টেম্বর ২০২৬ খ্রি. তারিখের মধ্যে চূড়ান্তভাবে যাচাই কার্যক্রম সম্পন্ন করতে হবে। এ ক্ষেত্রে উক্ত কর্মকর্তাকে পুলিশ হেডকোয়ার্টার্স হতে Username এবং Password গোপনীয়তা রক্ষা করে প্রেরণ করা হবে। এ কার্যক্রমে চূড়ান্তভাবে যাচাইকারী কর্মকর্তাকে অবশ্যই প্রার্থীর চাকরির খতিয়ান বহির সাথে আবেদনে উল্লিখিত তথ্যাদি মিলিয়ে নিতে হবে। বিশেষ করে বিভাগীয় মামলায় প্রদত্ত শাস্তির মেয়াদ গণনা সম্পূর্ণরূপে চাকরির খতিয়ান বহির তথ্য হতে মিলিয়ে নিয়ে বিভাগীয় পদোন্নতি পরীক্ষায় অংশগ্রহণে চূড়ান্ত যোগ্য অথবা চূড়ান্ত অযোগ্য মর্মে মতামত প্রদান করতে হবে। এ ক্ষেত্রে **পরিশিষ্ট-চ** এ উল্লিখিত নির্দেশনা অনুসরণ করে চূড়ান্ত যাচাইকারী কর্মকর্তাকে প্রার্থীদের আবেদন যাচাই কার্যক্রম সম্পন্ন করতে হবে;

ঙ. চূড়ান্ত যাচাইকরণ সম্পন্ন হলে ১৬ সেপ্টেম্বর ২০২৬ খ্রি. তারিখ ফ্যাক্স বার্তায় (ফ্যাক্স নং ০২-২২৩৩৫৫৩১৯) পদভিত্তিক পরীক্ষার্থীর পরিসংখ্যান নিম্নোক্ত ছক মোতাবেক অ্যাডিশনাল ডিআইজি (আরঅ্যান্ডসিপি-১), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকাকে অবহিত করতে হবে;

| ক্রম. | জেলা/ইউনিট | পদভিত্তিক পরীক্ষার নাম | মোট আবেদনের সংখ্যা | চূড়ান্তভাবে যোগ্য প্রার্থীর সংখ্যা | চূড়ান্তভাবে অযোগ্য প্রার্থীর সংখ্যা |
|---|---|---|---|---|---|
| | | | | | |

চ. সকল জেলা/ইউনিট হতে চূড়ান্তভাবে যোগ্য প্রার্থীদের তালিকা পুলিশ হেডকোয়ার্টার্স কর্তৃক একত্রিত করে ১৯ সেপ্টেম্বর ২০২৬ খ্রি. তারিখের মধ্যে রোল নম্বর সংবলিত প্রবেশপত্র জেলা/ইউনিটের চূড়ান্ত যাচাইকারী কর্মকর্তার লিংকে আপলোড করা হবে এবং

ছ. আপলোডকৃত প্রবেশপত্র সংশ্লিষ্ট লিংক হতে "পরিশিষ্ট-ছ" এর নির্দেশনা অনুসরণকরত ডাউনলোড করে প্রিন্ট নিয়ে পরীক্ষার্থীর মধ্যে বিতরণ করতে হবে।

৭। লিখিত পরীক্ষার উত্তরপত্র, লুজশিট এবং অন্যান্য সামগ্রী সংগ্রহ ও সংরক্ষণ

ক. পুলিশের অধস্তন কর্মকর্তা এবং কর্মচারীগণের বিভাগীয় পদোন্নতি পরীক্ষা-২০২৬ এর লিখিত পরীক্ষা গ্রহণের জন্য লিখিত পরীক্ষার উত্তরপত্র, লুজশিট এবং অন্যান্য প্রয়োজনীয় সামগ্রী পুলিশ হেডকোয়ার্টার্স হতে সরবরাহ করা হবে;

খ. লিখিত পরীক্ষার উত্তরপত্র, লুজশিট এবং প্রয়োজনীয় অন্যান্য সামগ্রী পুলিশ হেডকোয়ার্টার্স হতে সংগ্রহের জন্য সংশ্লিষ্ট প্রশিক্ষণ প্রতিষ্ঠান প্রধান প্রয়োজনীয় এস্কর্ট, প্রয়োজনীয় উপকরণ (বস্তাসহ) ও যানবাহন এর সমন্বয়ে উপযুক্ত প্রতিনিধি (সহকারী পুলিশ সুপারের নিম্নে নয়) মনোনয়নপূর্বক পুলিশ হেডকোয়ার্টার্সে আগামী ০৭.১০.২০২৬ খ্রি. তারিখ ১২.০০ ঘটিকার মধ্যে অ্যাডিশনাল ডিআইজি (রিক্রুটমেন্ট অ্যান্ড ক্যারিয়ার প্ল্যানিং-১), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা এর নিকট প্রেরণ করবেন। এ ক্ষেত্রে লিখিত পরীক্ষার সাব-কমিটি কো-অর্ডিনেটর উপরিউক্ত নির্দেশনা অনুসরণকরত পুলিশ হেডকোয়ার্টার্স হতে লিখিত পরীক্ষার উত্তরপত্র, লুজশিট এবং অন্যান্য প্রয়োজনীয় উপকরণ সংগ্রহের ব্যবস্থা গ্রহণ করবেন। পুলিশ টেলিকম সংস্থার লিখিত পরীক্ষার উত্তরপত্র, লুজশিট ও অন্যান্য প্রয়োজনীয় সামগ্রী উপরিউক্ত নির্দেশনা অনুসরণকরত আগামী ১০.১০.২০২৬ খ্রি. তারিখ ১২.০০ ঘটিকার মধ্যে অ্যাডিশনাল ডিআইজি (আরঅ্যান্ডসিপি-১), পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকার নিকট হতে সংগ্রহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। উল্লেখ্য, এস্কর্টের দলনেতাসহ প্রেরিত সদস্যদের নাম, পদবি, কর্মস্থল ও মোবাইল নম্বর **পরিশিষ্ট-জ** এ উল্লিখিত ছক অনুযায়ী পুলিশ হেডকোয়ার্টার্সে দাখিল করতে হবে এবং

গ. পুলিশ হেডকোয়ার্টার্স হতে প্রেরিত লিখিত পরীক্ষার উত্তরপত্র, লুজশিট ও অন্যান্য সামগ্রী প্রশিক্ষণ প্রতিষ্ঠান প্রধান লিখিত পরীক্ষা পরিচালনা বোর্ডের সভাপতি হিসেবে ব্যক্তিগতভাবে নিজ হেফাজতে সংরক্ষণ করবেন। এছাড়া তিনি সভাপতি হিসেবে সাব-সেন্টারে বিতরণকৃত সামগ্রীর নিরাপদ হেফাজত নিশ্চিতকরণের লক্ষ্যে ব্যক্তিগতভাবে তদারকি করবেন।

৮। এমসিকিউ পরীক্ষার প্রশ্নপত্র সংগ্রহ ও সংরক্ষণ

ক. সংশ্লিষ্ট রেঞ্জ/মেট্রোপলিটন/ইউনিট প্রধান প্রয়োজনীয় এস্কর্ট, উপকরণ ও যানবাহনের সমন্বয়ে উপযুক্ত প্রতিনিধিকে (সহকারী পুলিশ সুপারের নিম্নে নয়) বহুনির্বাচনি পরীক্ষার ওএমআর সংবলিত প্রশ্নপত্র নিম্নোক্ত ছকে বর্ণিত তারিখে ১২:০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করবেন। উল্লেখ্য, এস্কর্টের দলনেতাসহ প্রেরিত সদস্যদের নাম, পদবি, কর্মস্থল ও মোবাইল নম্বর **পরিশিষ্ট-জ** এ উল্লিখিত ছক অনুযায়ী পুলিশ হেডকোয়ার্টার্সে দাখিল করতে হবে;

রেঞ্জ, নির্ধারিত মেট্রোপলিটন পুলিশ/ইউনিট (বহুনির্বাচনি পরীক্ষা)

| ক্রম | বিষয় | প্রশ্নপত্র সংগ্রহের তারিখ |
|---|---|---|
| ১. | কনস্টেবল/নায়েক হতে এএসআই (নিরস্ত্র) এবং এএসআই (নিরস্ত্র) হতে এসআই (নিরস্ত্র) পদে বহুনির্বাচনি (এমসিকিউ) পরীক্ষার ওএমআর সংবলিত প্রশ্নপত্র | ০১/১০/২০২৬ খ্রিষ্টাব্দ |

খ. রেঞ্জ/মেট্রোপলিটন/ইউনিট প্রধানগণ কর্তৃক প্রেরিত প্রতিনিধির নিকট হতে ওএমআর সংবলিত প্রশ্নপত্র সংশ্লিষ্ট রেঞ্জ/মেট্রোপলিটন/ইউনিট প্রধান ব্যক্তিগতভাবে নিজ হেফাজতে সংরক্ষণ করবেন;

গ. বহুনির্বাচনি পরীক্ষার সাব-সেন্টার প্রধান প্রয়োজনীয় এস্কর্টের সমন্বয়ে উপযুক্ত প্রতিনিধির মাধ্যমে (সহকারী পুলিশ সুপারের নিম্নে নয়) সংশ্লিষ্ট রেঞ্জ কর্তৃক নির্ধারিত তারিখে বহুনির্বাচনি পরীক্ষার ওএমআর সংবলিত প্রশ্নপত্র অধিকতর সতর্কতার সাথে সংগ্রহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট বহুনির্বাচনি (এমসিকিউ) পরীক্ষা পরিচালনা ইউনিট প্রধানগণ বহুনির্বাচনি পরীক্ষার ওএমআর সংবলিত প্রশ্নপত্র নিরাপদ হেফাজত নিশ্চিতকরণের লক্ষ্যে সাব-সেন্টারসমূহ ব্যক্তিগতভাবে তদারকি করবেন;

ঘ. লিখিত পরীক্ষার সাব-কমিটি কো-অর্ডিনেটর একই পদ্ধতি অনুসরণ করে নির্ধারিত তারিখে লিখিত পরীক্ষার উত্তরপত্র সংগ্রহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রশিক্ষণ প্রতিষ্ঠান প্রধান সাব-সেন্টারে বিতরণকৃত উত্তরপত্রের নিরাপদ হেফাজত নিশ্চিতকরণের লক্ষ্যে ব্যক্তিগতভাবে তদারকি করবেন এবং

ঙ. লিখিত পরীক্ষার প্রশ্নপত্র অনলাইনে প্রেরণ করা হবে।

৯। বহুনির্বাচনি পরীক্ষার প্রশ্নপত্র ও ওএমআর শিট খোলা, বিতরণ, পরীক্ষা গ্রহণ এবং মূল্যায়নের জন্য প্রেরণ

ক. ১৯৯১ সালের অনুমোদিত সিলেবাস এবং সময় উপযোগী অন্যান্য আইনের উপর **পরিশিষ্ট-ক** এ উল্লিখিত সময়সূচি অনুযায়ী **পরিশিষ্ট-খ** এ বর্ণনাকৃত পরীক্ষা কেন্দ্রে সংশ্লিষ্ট রেঞ্জ/মেট্রোপলিটন/ইউনিট প্রধান কর্তৃক গঠিত কমিটির মাধ্যমে পুলিশের অধস্তন কর্মকর্তা এবং কর্মচারীগণের বিভাগীয় পদোন্নতি পরীক্ষা ২০২৬-এর ১. কনস্টেবল/নায়েক হতে এএসআই (নিরস্ত্র) এবং ২. এএসআই (নিরস্ত্র) হতে এসআই (নিরস্ত্র) পদে বহুনির্বাচনি পরীক্ষা অনুষ্ঠিত হবে। বহুনির্বাচনি পরীক্ষা গ্রহণ কমিটি নির্ধারিত সয়মসূচি অনুযায়ী **পরিশিষ্ট-খ** এ বর্ণিত বিবরণ মোতাবেক বহুনির্বাচনি পরীক্ষা অনুষ্ঠানের আয়োজন করবেন;

খ. 10.201.31.30:7576 লিংকে প্রবেশকরত পুলিশ হেডকোয়ার্টার্স হতে প্রেরিত Username এবং Password ব্যবহার করে ড্রপ ডাউন মেন্যু হতে হাজিরা শিট অপশনে ক্লিক করে প্রধান ইউনিট, কেন্দ্রের নাম, পরীক্ষার নাম এবং বিষয় সিলেক্ট করে Load এ ক্লিক করলে সংশ্লিষ্ট বিষয়ের সকল পরীক্ষার্থীর রোল নম্বর এবং ছবি সংবলিত হাজিরা শিট পাওয়া যাবে। অতপর Room নম্বর, Start Roll

এবং End Roll টাইপ করে Filter বাটনে ক্লিক করলে উক্ত কক্ষের পরীক্ষার্থীদের হাজিরা শিট পাওয়া যাবে। অতপর প্রিন্ট বাটনে ক্লিক করলে প্রিন্ট করা যাবে। এভাবে কক্ষভিত্তিক হাজিরা শিট প্রিন্ট করতে হবে;

গ. পুলিশ হেডকোয়ার্টার্স হতে বহুনির্বাচনি (এমসিকিউ) পরীক্ষার ওএমআর শিট সংবলিত প্রশ্নপত্র কক্ষ অনুযায়ী প্যাকেটিং করে সিলগালা অবস্থায় প্রেরণ করা হবে;

ঘ. প্রতিটি ফ্লোর অথবা নির্ধারিত সংখ্যক কক্ষে ওএমআর শিট সংবলিত প্রশ্নপত্র বিতরণের জন্য একজন করে সহকারী পুলিশ সুপার/তদুর্ধ্ব কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করতে হবে;

ঙ. বহুনির্বাচনি (এমসিকিউ) পরীক্ষা গ্রহণ কমিটির সভাপতিকে অন্যান্য সদস্য এবং পুলিশ হেডকোয়ার্টার্সের প্রতিনিধির সম্মুখে বহুনির্বাচনি (এমসিকিউ) পরীক্ষার ওএমআর সংবলিত প্রশ্নপত্র কক্ষ অনুযায়ী সিলমোহরকৃত খামসমূহ ফ্লোর/নির্ধারিত সংখ্যক কক্ষ ইন-চার্জের নিকট পরীক্ষা শুরুর ১০ মিনিট পূর্বে হস্তান্তর করতে হবে;

চ. প্রতিটি কেন্দ্র ও পরীক্ষার কক্ষে পরীক্ষার্থীদের মধ্যে ওএমআর সংবলিত প্রশ্নপত্র বিতরণের পর অবশিষ্ট ওএমআর সংবলিত প্রশ্নপত্র তাৎক্ষণিকভাবে পরীক্ষা কমিটির সভাপতি/কো-অর্ডিনেটর (সাব-সেন্টারের ক্ষেত্রে)-এর নিকট সংরক্ষণ করতে হবে;

ছ. বহুনির্বাচনি (এমসিকিউ) পরীক্ষার কার্যক্রমে সহায়তা প্রদান করার নিমিত্ত পুলিশ হেডকোয়ার্টার্স হতে মনোনীত প্রতিনিধিগণ সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রে দায়িত্ব পালন করবেন;

জ. পরীক্ষা নির্ধারিত সময়সূচি অনুযায়ী আরম্ভ করতে হবে। বহুনির্বাচনি (এমসিকিউ) পরীক্ষা গ্রহণের ক্ষেত্রে পরীক্ষার্থীদের হাজিরা শিট স্বাক্ষর ও পরীক্ষা সংক্রান্ত ব্রিফিংসহ আনুষঙ্গিক কাজ সম্পাদনের জন্য পরীক্ষার্থীদের বহুনির্বাচনি (এমসিকিউ) পরীক্ষার ৩০ মিনিট পূর্বে নির্ধারিত পরীক্ষা কেন্দ্রে হাজির করার ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং পরীক্ষা আরম্ভের পূর্বেই হাজিরা শিটে পরীক্ষার্থীদের স্বাক্ষর গ্রহণ কার্যক্রম সম্পন্ন করতে হবে;

ঝ. পরীক্ষা গ্রহণের ক্ষেত্রে পরীক্ষার্থীর রোলক্রম অনুযায়ী প্রচলিত আসন ব্যবস্থা (জিগজ্যাগ/জোড়বিজোড়/জাম্বেলড ইত্যাদি) নিশ্চিত করতে হবে। এ ক্ষেত্রে এক পরীক্ষার্থী হতে অন্য পরীক্ষার্থীর মধ্যে ন্যূনতম তিন ফুট দূরত্ব বজায় রাখতে হবে;

ঞ. প্রবেশপত্র এবং পুলিশ আইডি কার্ড ব্যতীত কোনো পরীক্ষার্থী পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে পারবে না। এ ক্ষেত্রে কোনো পরীক্ষার্থীর পুলিশ আইডি কার্ড হারিয়ে গেলে জিডির কপি (যৌক্তিক সময়ের মধ্যে, যেমন-অনেক পুরাতন জিডির কপি গ্রহণযোগ্য নয়) বিবেচনায় নিতে হবে অথবা আইডি কার্ডের জন্য পুলিশ হেডকোয়ার্টার্সে আবেদন মুলতুবি থাকলে সংশ্লিষ্ট জেলা/ইউনিট প্রধানের প্রত্যয়ন বিবেচনায় নিতে হবে। এসবি, সিআইডি, র‍্যাব এর আইডি কার্ড গ্রহণযোগ্য হবে;

ট. ওএমআর শিটে চাহিত নির্ধারিত তথ্য ব্যতীত অন্য কোনো ধরণের তথ্য (যেমন-ইউনিটের সিল) সংযোজন করা যাবে না। চাহিত তথ্য ব্যতীত অন্য কোনো তথ্য থাকলে ওএমআর শিট বাতিল বলে গণ্য হবে;

ঠ. পরীক্ষা কেন্দ্রের প্রতিটি কক্ষে ইনভিজিলেটর (পরিরক্ষক) হিসেবে দক্ষ পুলিশ কর্মকর্তা এবং তাদের কাজ তদারকির জন্য ঊর্ধ্বতন পুলিশ কর্মকর্তাকে তদারকি কর্মকর্তা হিসেবে নিয়োজিত করতে হবে। বহুনির্বাচনি পরীক্ষা সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে পরীক্ষা অনুষ্ঠানের পূর্বে পরীক্ষা কক্ষে যাদের ইনভিজিলেটর নিয়োগ করা হবে তাদের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে ব্রিফিং এর ব্যবস্থা গ্রহণ করতে হবে;

ড. ওএমআর শিটে চাহিত তথ্যাদি পরীক্ষার্থী কর্তৃক পূরণ করতে হবে এবং ইনভিজিলেটর (পরিরক্ষক) কর্তৃক তথ্যাদি যাচাইকরত নির্ধারিত স্থানে স্বাক্ষর ও তারিখ প্রদানের বিষয়টি নিশ্চিত করতে হবে। অন্যথায় ওএমআর শিট বাতিল বলে গণ্য হবে;

ঢ. ওএমআর সংবলিত প্রশ্নপত্র A3 সাইজের কাগজে একই সাথে প্রিন্টেড অবস্থায় থাকবে। উক্ত কাগজের এক তৃতীয়াংশে ওএমআর শিট থাকবে এবং দুই তৃতীয়াংশে প্রশ্নপত্র থাকবে। ওএমআর শিট এবং প্রশ্নপত্রের মাঝে পারফোরেশন (ছিদ্র) থাকবে। পরীক্ষার্থীকে পরীক্ষা শুরুর পূর্বে পারফোরেশন (ছিদ্র) স্থান হতে ওএমআর শিট ও প্রশ্নপত্র আলাদা করতে হবে। ইনভিজিলেটর ওএমআর শিটে স্বাক্ষর করাকালীন তথ্য যাচাইয়ের পাশাপাশি বিষয়টি নিশ্চিত করবেন;

ণ. হাজিরা শিটে পরীক্ষার্থীর স্বাক্ষর প্রদান করার বিষয়টি অবশ্যই ইনভিজিলেটর (পরিরক্ষক) কর্তৃক যথাযথভাবে যাচাই করতে হবে;

ত. পরীক্ষা কেন্দ্রে কোনো মোবাইল ফোন, ব্যাগ, ছাতা, ক্যামেরা, ক্যালকুলেটর বা অন্য কোনো ইলেকট্রনিক ডিভাইস সাথে নেয়া যাবে না। উল্লিখিত নির্দেশনার ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীর বিরুদ্ধে বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে;

থ. পরীক্ষা গ্রহণপূর্বক পরীক্ষার্থীদের নিকট হতে প্রশ্নপত্র এবং ওএমআর শিট আলাদা আলাদাভাবে সংগ্রহ করার বিষয়টি নিশ্চিত করতে হবে;

দ. পরীক্ষা কেন্দ্রে কোনো পরীক্ষার্থী অসদুপায় অবলম্বন করলে উক্ত কেন্দ্রের ইনভিজিলেটর (পরিরক্ষক)/যথাযথ কর্তৃপক্ষ হতে মনোনীত প্রতিনিধি কর্তৃক তাকে তাৎক্ষণিকভাবে বহিষ্কার করাসহ সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে;

ধ. পরীক্ষার্থী ও পরীক্ষা গ্রহণের কাজে নিয়োজিত ইনভিজিলেটর (পরিরক্ষক)/যথাযথ কর্তৃপক্ষ হতে মনোনীত প্রতিনিধি ও সংশ্লিষ্ট কর্মচারী ব্যতীত অন্য কোনো ব্যক্তি যাতে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে না পারে তার নিশ্চয়তা বিধান করতে হবে;

ন. পরীক্ষা শেষে ব্যক্তিগতভাবে ফ্লোর ইন-চার্জ সর্বোচ্চ সর্তকতার সাথে প্রতি কক্ষ হতে পরীক্ষার্থীদের হাজিরা শিট এবং ওএমআরশিট সংগ্রহকরত কক্ষভিত্তিক প্যাকেটিং করে সর্বোচ্চ গোপনীয়তা রক্ষাপূর্বক সংশ্লিষ্ট পরীক্ষা কমিটির সভাপতির নিকট হস্তান্তর করবেন;

প. সংশ্লিষ্ট পরীক্ষা কমিটির সভাপতি পরীক্ষা শেষে ব্যক্তিগতভাবে নির্ধারিত কক্ষে উপস্থিত থেকে নিজ বিবেচনায় সর্বোচ্চ গোপনীয়তা রক্ষা করে শুধু পরীক্ষা কমিটির সদস্যের সহায়তায় পুলিশ হেডকোয়ার্টার্সের মনোনীত প্রতিনিধির উপস্থিতিতে পরীক্ষার্থীদের স্বাক্ষর সংবলিত হাজিরা শিট এবং ওএমআর শিট বোর্ডের সকল সদস্যের স্বাক্ষরসহ আলাদা আলাদা সিলমোহরযুক্ত কাভারে মূল্যায়নের জন্য প্রয়োজনীয় এস্কর্টের সমন্বয়ে উপযুক্ত প্রতিনিধির (সহকারী পুলিশ সুপারের নিম্নে নয়) মাধ্যমে অনতিবিলম্বে অ্যাডিশনাল ডিআইজি (আরঅ্যান্ডসিপি-১), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা বরাবর প্রেরণ করবেন। এ ক্ষেত্রে প্রতিটি কাভারে ১০০ (একশত)টি করে ওএমআর শিট বান্ডিল আকারে প্রেরণ করতে হবে। এছাড়া অব্যবহৃত ওএমআর সংবলিত প্রশ্নপত্র উপর্যুক্ত নির্দেশনা মোতাবেক প্রেরণ করতে হবে এবং

ফ. পরীক্ষা কক্ষ হতে সংগৃহীত প্রশ্নপত্র পুলিশ হেডকোয়ার্টার্সে প্রেরণের প্রয়োজন নাই। এ ক্ষেত্রে পরীক্ষার ফলাফল প্রকাশ পরবর্তী তা ধ্বংস করতে হবে।

১০। **লিখিত পরীক্ষার প্রশ্নপত্র ফটোকপি ও বিতরণকরণ**

ক. ১৯৯১ সালের অনুমোদিত সিলেবাস এবং সময় উপযোগী অন্যান্য আইনের উপর **পরিশিষ্ট-গ**-এর বর্ণনা মোতাবেক সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রে পুলিশ হেডকোয়ার্টার্স কর্তৃক গঠিত কমিটির মাধ্যমে পুলিশের অধস্তন কর্মকর্তা এবং কর্মচারীগণের বিভাগীয় পদোন্নতি পরীক্ষা-২০২৬ এর লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে;

খ. পরীক্ষা পরিচালনা কমিটির সভাপতি/কো-অর্ডিনেটর (সাব-সেন্টারের ক্ষেত্রে) কমিটির অন্যান্য সদস্যগণের সম্মুখে ফটোকপি করার জন্য নির্ধারিত কক্ষে পুলিশ হেডকোয়ার্টার্স কর্তৃক প্রেরিত প্রশ্নপত্র ডাউনলোড করবেন;

গ. পরীক্ষা পরিচালনা কমিটির সভাপতি/কো-অর্ডিনেটর (সাব-সেন্টারের ক্ষেত্রে)'কে কমিটির অন্যান্য সদস্যগণের উপস্থিতিতে ব্যক্তিগতভাবে নিজ দায়িত্বে প্রশ্নপত্র ফটোকপি করতে হবে। এতদ্ব্যতীত অন্য কোনো কর্মকর্তা/ব্যক্তি ফটোকপি করার জন্য নির্ধারিত কক্ষে উপস্থিত থাকতে পারবেন না;

ঘ. নির্ধারিত পরীক্ষার দিন/তারিখ পরীক্ষা শুরুর সর্বোচ্চ ২ (দুই) ঘণ্টা আগে প্রশ্নপত্র ফটোকপি করা যাবে। তবে পরীক্ষার্থীর সংখ্যা কম হলে যৌক্তিক সময় পূর্বে প্রশ্নপত্র ফটোকপি করতে হবে;

ঙ. প্রয়োজনীয় সংখ্যক ফটোকপিয়ার ব্যবহারের মাধ্যমে A4 সাইজ কাগজে প্রশ্নপত্র ফটোকপি করতে হবে। এ ক্ষেত্রে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ ব্যবস্থা এবং বিকল্প হিসেবে জেনারেটরের ব্যবস্থা রাখতে হবে;

চ. ফটোকপি করার জন্য নির্ধারিত কক্ষে প্রবেশকালে কোনোরূপ ইলেকট্রনিক ডিভাইস (সেল ফোন, স্মার্ট ওয়াচ, হাইটেক অডিও এবং ভিজুয়্যাল ইকুইপমেন্ট) সঙ্গে আনা/রাখা যাবে না;

ছ. ফটোকপিকরণের অব্যবহিত পরে মেশিনের মেমোরি অবশ্যই ডিলিট করতে হবে;

জ. প্রতিটি কেন্দ্র ও কক্ষের আসনভিত্তিক প্রশ্নপত্র প্যাকেটিং করার সময় সর্বোচ্চ গোপনীয়তা বজায় রাখতে হবে;

ঝ. প্রতিটি কেন্দ্র ও কক্ষে প্রশ্নপত্র বিতরণের ক্ষেত্রে সর্বোচ্চ নিরাপত্তার ব্যবস্থা নিশ্চিত করতে হবে;

ঞ. প্রতিটি কেন্দ্র ও পরীক্ষার কক্ষে পরীক্ষার্থীদের মধ্যে প্রশ্নপত্র বিতরণের পর অবশিষ্ট প্রশ্ন তাৎক্ষণিকভাবে পরীক্ষা কমিটির সভাপতি/কো-অর্ডিনেটর (সাব-সেন্টারের ক্ষেত্রে)-এর নিকট সংরক্ষণ করতে হবে এবং

ট. কোনো পরীক্ষা কেন্দ্রে বিভাগীয় পদোন্নতি পরীক্ষার কোনো বিষয়ে অংশগ্রহণকারী পরীক্ষার্থী না থাকলে সংশ্লিষ্ট বিষয়ের প্রশ্নপত্রের খাম অক্ষত অবস্থায় অ্যাডিশনাল ডিআইজি (আরঅ্যান্ডসিপি-১), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা এর নিকট বিশেষ বাহক (পুলিশ ইন্সপেক্টর এর নিম্নে নহেন) মারফত প্রেরণ করতে হবে।

১১। **পরীক্ষা গ্রহণ ও নিরাপত্তা বিধান নিশ্চিতকরণ**

ক. প্রতিটি বিষয়ে লিখিত পরীক্ষা **পরিশিষ্ট-ক** এ উল্লিখিত নির্ধারিত সময়সূচি অনুযায়ী আরম্ভ করতে হবে;

খ. লিখিত পরীক্ষার জন্য এরকম ভেন্যু নির্বাচন করতে হবে যেন প্রতি বেঞ্চে আসন গ্রহণকৃত পরীক্ষার্থীদের মধ্যে ন্যুনতম ০৩ (তিন) ফুট দূরত্ব বজায় থাকে;

গ. লিখিত পরীক্ষা গ্রহণের ক্ষেত্রে পরীক্ষার্থীর রোলক্রম অনুযায়ী প্রচলিত আসন ব্যবস্থা (জিগজ্যাগ/জোড়বিজোড়/জাম্বেলড ইত্যাদি) নিশ্চিত করতে হবে। এ ক্ষেত্রে এক পরীক্ষার্থী হতে অন্য পরীক্ষার্থীর মধ্যে ন্যূনতম তিন ফুট দূরত্ব বজায় রাখতে হবে;

ঘ. পুলিশ হেডকোয়ার্টার্স হতে সরবরাহকৃত মূল উত্তরপত্র ও খাতার উপর যুক্ত টপশিটকে একত্রে বিবেচনান্তে তার উপর পুলিশ হেডকোয়ার্টার্সের সরবরাহকৃত গোল সিল এমনভাবে প্রদান করতে হবে যাতে সিলের অর্ধাংশ টপশিটের উপর ও বাকি অর্ধাংশ মূল উত্তরপত্রের উপরে পরে। এ ছাড়া প্রতিটি লুজ শিট এর উপর পুলিশ হেডকোয়ার্টার্স হতে সরবরাহকৃত গোল সিল প্রদান করতে হবে;

ঙ. টপশিট, মূল উত্তরপত্র এবং লুজশিটে সরবরাহকৃত গোল সিল ব্যতীত ইউনিটের নাম/সিল বা অন্য কোনো ধরণের তথ্য সংযোজন করা যাবে না। এর ব্যত্যয়ে উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে;

চ. পরীক্ষা কেন্দ্রের প্রতিটি কক্ষে **ইনভিজিলেটর** (পরিরক্ষক) হিসেবে দক্ষ পুলিশ কর্মকর্তা এবং তাদের কাজ তদারকির জন্য **উর্ধ্বতন পুলিশ** কর্মকর্তাকে তদারকি কর্মকর্তা হিসেবে নিয়োজিত করতে হবে। লিখিত পরীক্ষা সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে পরীক্ষা অনুষ্ঠানের পূর্বে পরীক্ষার কক্ষে নিয়োজিত ইনভিজিলেটরদের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে ব্রিফিং এর ব্যবস্থা করতে হবে;

ছ. মূল উত্তরপত্র ও খাতার উপর যুক্ত টপশিট তথা উভয় ক্ষেত্রে স্বাক্ষরের জন্য নির্ধারিত স্থানে ইনভিজিলেটর (পরিরক্ষক) কর্তৃক স্বাক্ষর ও তারিখ প্রদানের বিষয়টি নিশ্চিত করতে হবে। এছাড়া লুজশিটে প্রদত্ত সিলের উপর ইনভিজিলেটর (পরিরক্ষক)/যথাযথ কর্তৃপক্ষের স্বাক্ষর করার বিষয়টিও নিশ্চিত করতে হবে। অন্যথায় উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে;

জ. হাজিরা শিটে পরীক্ষার্থীর স্বাক্ষর প্রদান ও টপশিটে পরীক্ষার্থী কর্তৃক সঠিকভাবে তথ্যাদি পূরণ করার বিষয়টি অবশ্যই ইনভিজিলেটর (পরিরক্ষক) কর্তৃক যথাযথভাবে যাচাই করতে হবে;

ঝ. উত্তরপত্রের উপরে যুক্ত টপশিট ব্যতীত উত্তরপত্র ও লুজশিট এর কোথাও কোনো নাম বা রোল বা মোবাইল নম্বর বা সাংকেতিক চিহ্ন ব্যবহার করলে উক্ত উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে;

ঞ. পরীক্ষা কেন্দ্রে কোনো মোবাইল ফোন, ব্যাগ, ছাতা, ক্যামেরা, ক্যালকুলেটর বা অন্য কোনো ইলেকট্রনিক ডিভাইস সাথে নেয়া যাবে না। উল্লিখিত নির্দেশনার ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীর বিরুদ্ধে বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে;

ট. প্রতিটি বিষয়ের পরীক্ষা গ্রহণপূর্বক পরীক্ষার্থীদের নিকট হতে প্রশ্নপত্রসহ উত্তরপত্র সংগ্রহ করার বিষয়টি নিশ্চিত করতে হবে;

ঠ. লিখিত পরীক্ষা অনুষ্ঠানের স্বচ্ছতা নিশ্চিত করার নিমিত্ত সকল প্রকার অনিয়ম রোধ করতে হবে;

ড. উত্তরপত্রের টপশিটের উপর পরীক্ষার নাম, বিষয় এবং রোল নম্বর লেখা না থাকলে কিংবা রোল নম্বর লিখতে ভুল করলে উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে;

ঢ. উত্তরপত্রের যে পৃষ্ঠায় পরীক্ষার্থীর লেখা শেষ হবে সেখানে লাইন এবং ক্রস সংবলিত একটি চিহ্ন প্রদান করার পরামর্শ প্রদান করতে হবে যাতে পরবর্তীতে উত্তরপত্রে অন্য কেউ কিছু লিখতে বা অতিরিক্ত লুজশিট সংযোজন করতে না পারে। এছাড়া কোনো পরীক্ষার্থী যাতে প্রয়োজনের অতিরিক্ত লুজশিট সংগ্রহ/সংযোজন করতে না পারে সে বিষয়েও সতর্ক দৃষ্টি রাখতে হবে;

ণ. পরীক্ষা কেন্দ্রে কোনো পরীক্ষার্থী অসদুপায় অবলম্বন করলে উক্ত কেন্দ্রের ইনভিজিলেটর (পরিরক্ষক)/যথাযথ কর্তৃপক্ষ হতে মনোনীত প্রতিনিধি কর্তৃক তাকে তাৎক্ষণিকভাবে বহিষ্কার করাসহ সংশ্লিষ্ট পরীক্ষার্থীর বিরুদ্ধে আইনানুগ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে;

ত. পরীক্ষার্থী ও পরীক্ষা গ্রহণের কাজে নিয়োজিত ইনভিজিলেটর (পরিরক্ষক)/যথাযথ কর্তৃপক্ষ হতে মনোনীত প্রতিনিধি ও সংশ্লিষ্ট কর্মচারী ব্যতীত অন্য কোনো ব্যক্তি যাতে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে না পারে তার নিশ্চয়তা বিধান করতে হবে এবং

থ. পরীক্ষায় অসদুপায় অবলম্বনকারীদের বিরুদ্ধে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১২। <u>পরীক্ষার উত্তরপত্র কোডিং ও পুলিশ হেডকোয়ার্টার্সে প্রেরণ, উত্তরপত্র মূল্যায়ন, কোডভিত্তিক মার্কশিট প্রস্তুত, নিরীক্ষণ ও ডি-কোডিংসহ টেব্যুলেশন শিট প্রস্তুতকরণ</u>

ক. লিখিত পরীক্ষা পরিচালনা কমিটির সভাপতি/কো-অর্ডিনেটর (সাব-সেন্টারের ক্ষেত্রে) পরীক্ষা শেষ হওয়ার সাথে সাথে কোনোরূপ বিলম্ব না করে ব্যক্তিগতভাবে নির্ধারিত কক্ষে উপস্থিত থেকে নিজ বিবেচনায় সর্বোচ্চ গোপনীয়তা রক্ষা করে শুধু পরীক্ষা কমিটির সদস্যের সহায়তায় উত্তরপত্রের উপর যুক্ত টপশিট এবং মূল উত্তরপত্রের নির্ধারিত স্থানে সহজবোধ্য কোডিং এর পরিবর্তে নাম্বারিং মেশিন (অটোমেটিক) ব্যবহার করে কমপক্ষে ৬ (ছয়) অঙ্কবিশিষ্ট একই সংখ্যার কোড নম্বর প্রদানের ব্যবস্থা করবেন। এ ক্ষেত্রে কোনোক্রমেই একই কোড নম্বর যেন একাধিক উত্তরপত্রে প্রদান করা না হয় সে বিষয়ে বিশেষভাবে লক্ষ্য রাখতে হবে;

খ. লিখিত পরীক্ষা পরিচালনা কমিটির সভাপতি পরীক্ষা অনুষ্ঠানের অব্যবহিত পরে কোনোরূপ বিলম্ব না করে নিজ বিবেচনায় সর্বোচ্চ গোপনীয়তা রক্ষা করে শুধু পরীক্ষা কমিটির সদস্যগণের সহায়তায় উত্তরপত্রের কোডিং সম্পন্নকরত টপশিটসমূহ সিলমোহরকৃত খামে সকল সদস্যের স্বাক্ষর প্রদানকরত নিজ তত্ত্বাবধানে সংরক্ষণ করবেন। সাব-সেন্টারের ক্ষেত্রে কো-অর্ডিনেটর পরীক্ষা পরিচালনা কমিটির সকল সদস্যের উপস্থিতিতে উপর্যুক্তভাবে কোডিং কার্যক্রম সম্পাদন করে টপশিটের সিলমোহরকৃত খাম প্রয়োজনীয় এস্কর্টসহ একজন উপযুক্ত কর্মকর্তা (সহকারী পুলিশ সুপার পদমর্যাদা)-এর মাধ্যমে লিখিত পরীক্ষা পরিচালনা কমিটির সভাপতির নিকট প্রেরণ করবেন এবং সভাপতি উক্ত টপশিটসমূহও নিজ তত্ত্বাবধানে সংরক্ষণ করবেন;

গ. লিখিত পরীক্ষা পরিচালনা কমিটির সভাপতি/কো-অর্ডিনেটর (সাব-সেন্টারের ক্ষেত্রে) লিখিত পরীক্ষার মূল উত্তরপত্র ৫০ (পঞ্চাশ) টি করে বান্ডিল আকারে সিলমোহরযুক্ত কাভারে সকল সদস্যের স্বাক্ষর প্রদানকরত অতীব গোপনীয়তার সাথে প্রয়োজনীয় এস্কর্টসহ একজন উপযুক্ত কর্মকর্তা (সহকারী পুলিশ সুপার পদমর্যাদা)-এর মাধ্যমে পদ ও বিষয়ভিত্তিক উত্তরপত্র অ্যাডিশনাল ডিআইজি (আরঅ্যান্ডসিপি-১), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকার বরাবর প্রেরণ করবেন। এছাড়া পরীক্ষার্থীদের স্বাক্ষর সংবলিত হাজিরা শিটের ফটোকপি এবং কতটি উত্তরপত্র প্রেরণ করা হয়েছে তা নিম্নোক্ত ছক মোতাবেক আলাদা আলাদাভাবে সিলমোহরযুক্ত কাভারে অ্যাডিশনাল ডিআইজি (আরঅ্যান্ডসিপি-১), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা বরাবর প্রেরণ করতে হবে;

| ক্রম | পরীক্ষার নাম | পরীক্ষার বিষয় | উত্তরপত্রের সংখ্যা |
|---|---|---|---|
| | | | |

ঘ. উত্তরপত্র মূল্যায়নকারী দলকে কোনোরূপ বিলম্ব না করে উত্তরপত্র প্রাপ্তির অব্যবহিত পরে আগামী ১৪.১১.২০২৬ খ্রি. তারিখের মধ্যে উত্তরপত্র মূল্যায়নের কার্যক্রম সম্পন্ন করতে হবে। উত্তরপত্র মূল্যায়ন ও নম্বর প্রদানে সমতা রক্ষার জন্য উত্তরপত্র মূল্যায়নকারী সদস্যদের মধ্যে এমনভাবে প্রশ্ন বণ্টন করতে হবে যেন একজন সদস্য নির্ধারিত প্রশ্নের সকল উত্তরপত্র মূল্যায়ন করতে পারেন;

ঙ. উত্তরপত্র মূল্যায়নকারী কর্মকর্তাগণ উত্তরপত্র মূল্যায়ন পরবর্তী 10.201.31.30:7576 লিংকে প্রবেশ করে Username এবং Password ব্যবহারকরত কোডভিত্তিক টেব্যুলেশন শিট প্রস্তুতকরত সকল সদস্যের স্বাক্ষরসহ ১৭.১১.২০২৬ খ্রি. তারিখের মধ্যে নিরীক্ষণ দলের নিকট উত্তরপত্রসহ টেব্যুলেশন শিট হস্তান্তর করবেন। এ ক্ষেত্রে কোডভিত্তিক টেব্যুলেশন শিট প্রস্তুত সংক্রান্ত নির্দেশনা পরবর্তীতে প্রেরণ করা হবে যার ধাপসমূহ অনুসরণ করে টেব্যুলেশন শিট প্রস্তুত করতে হবে;

চ. নিরীক্ষণ দল ২২.১১.২০২৬ খ্রি. তারিখের মধ্যে নিরীক্ষণ কার্যক্রম সম্পন্ন করে উত্তরপত্র মূল্যায়নকারী দলের নিকট হস্তান্তর করবেন। উত্তরপত্র মূল্যায়নকারী দল আগামী ২৩.১১.২০২৬ খ্রি. তারিখের মধ্যে নির্ধারিত লিংকে প্রবেশ করে সফট্ওয়্যারে প্রয়োজনীয় সংশোধনের ব্যবস্থা গ্রহণ করে পরীক্ষার মূল্যায়নকৃত উত্তরপত্র ৫০ (পঞ্চাশ) টি করে বান্ডিল আকারে এবং কোডভিত্তিক টেব্যুলেশন শিটের কপি আলাদা আলাদা সিলমোহরযুক্ত কাভারে সকল সদস্যের স্বাক্ষর প্রদানকরত অতীব গোপনীয়তার সাথে অ্যাডিশনাল ডিআইজি (আরঅ্যান্ডসিপি-১), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা বরাবর প্রেরণ করবেন। অ্যাডিশনাল ডিআইজি (আরঅ্যান্ডসিপি-১), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা মূল্যায়নকৃত উত্তরপত্রসমূহ এবং কোডভিত্তিক টেব্যুলেশন শিট সংশ্লিষ্ট লিখিত পরীক্ষা পরিচালনা বোর্ডের সভাপতির নিকট আগামী ২৫.১১.২০২৬ খ্রি. তারিখের মধ্যে প্রেরণ করবেন। এক্ষেত্রে মূল্যায়নকৃত উত্তরপত্রসমূহ এবং কোডভিত্তিক টেব্যুলেশন শিট সংগ্রহের জন্য সংশ্লিষ্ট লিখিত পরীক্ষা পরিচালনা বোর্ডের সভাপতি প্রয়োজনীয় এস্কর্টসহ একজন উপযুক্ত কর্মকর্তা (সহকারী পুলিশ সুপার পদমর্যাদা) প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবেন।



A

ছ. লিখিত পরীক্ষা পরিচালনা বোর্ডের সভাপতি ব্যক্তিগত তত্ত্বাবধানে অতীব গোপনীয়তার সাথে অন্যান্য সদস্যদের নিয়ে সংশ্লিষ্ট প্রশিক্ষণ প্রতিষ্ঠানে লিখিত পরীক্ষার মূল্যায়নকৃত উত্তরপত্রসমূহ ডি-কোডিং করে 10.201.31.30:7576 লিংকে প্রবেশকরত পুলিশ হেডকোয়ার্টার্স হতে প্রেরিত Username এবং Password ব্যবহার করে নিম্নোক্ত ফরমেটে পদভিত্তিক লিখিত পরীক্ষার চূড়ান্ত টেব্যুলেশন শিট প্রস্তুত করবেন এবং কমিটির সকল সদস্য স্বাক্ষর প্রদান করবেন। এ ক্ষেত্রে চূড়ান্ত টেব্যুলেশন শিট প্রস্তুত সংক্রান্ত নির্দেশনা পরবর্তীতে প্রেরণ করা হবে যার ধাপসমূহ অনুসরণ করে চূড়ান্ত টেব্যুলেশন শিট প্রস্তুত করতে হবে এবং

| ক্রম | রোল নম্বর | পরীক্ষার্থীর নাম, বিপি ও পদবি | বিষয়..... | | বিষয়....... | |
|---|---|---|---|---|---|---|
| | | | কোড নং | প্রাপ্ত নম্বর | কোড নং | প্রাপ্ত নম্বর |
| | | | | | | |

জ. লিখিত পরীক্ষা পরিচালনা বোর্ড লিখিত পরীক্ষার চূড়ান্ত টেব্যুলেশন শিট প্রস্তুতকরত পরীক্ষার উত্তরপত্র এবং চূড়ান্ত টেব্যুলেশন শিট (হার্ড কপি) আলাদা আলাদা সিলমোহরযুক্ত কাভারে সকল সদস্যের স্বাক্ষরসহ একজন উপযুক্ত কর্মকর্তা (সহকারী পুলিশ সুপার পদমর্যাদার নিম্নে নহে)-এর মাধ্যমে প্রয়োজনীয় এস্কর্টসহ আগামী ০১.১২.২০২৬ খ্রি. তারিখের মধ্যে অ্যাডিশনাল ডিআইজি (আরঅ্যান্ডসিপি-১), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা বরাবর প্রেরণ করবেন।

১৩। <u>ক্যাম্প প্রশিক্ষণ, প্যারেড, সাক্ষাৎকার ও চাকরির খতিয়ান সম্পর্কিত কার্যক্রম গ্রহণ</u>

ক. প্রতিটি জেলা/ইউনিটে বিভাগীয় পদোন্নতি পরীক্ষার জন্য গঠিত বোর্ড **পরিশিষ্ট-ক** এ উল্লিখিত সময়সূচি অনুযায়ী ক্যাম্প প্রশিক্ষণ, চাকরির খতিয়ান বিশ্লেষণ এবং সাক্ষাৎকার গ্রহণ সম্পর্কিত কার্যক্রম সম্পন্ন করবেন। এছাড়া প্যারেড ও ক্যাম্প প্রশিক্ষণ পরীক্ষায় আরআই/একজন পুলিশ পরিদর্শক (সশস্ত্র)কে বোর্ডের সদস্য হিসেবে রাখতে হবে। গঠিত এ বোর্ড শুধুমাত্র প্যারেড পরীক্ষা পরিচালনা ও মূল্যায়ন করবেন এবং

খ. গঠিত বোর্ডসমূহ মূল্যায়ন কার্যক্রম সম্পন্নের সাথে সাথে 10.201.31.30:7576 লিংকে প্রবেশকরত পুলিশ হেডকোয়ার্টার্স হতে প্রেরিত Username এবং Password ব্যবহার করে নিম্নোক্ত ছক মোতাবেক পদভিত্তিক টেব্যুলেশন শিট প্রস্তুত করে বোর্ডের সকল সদস্যের স্বাক্ষরসহ এক কপি (হার্ড কপি) পরীক্ষা সমাপ্তির অব্যবহিত পরে অ্যাডিশনাল ডিআইজি (আরঅ্যান্ডসিপি-১), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা বরাবর প্রেরণ করবেন। এ ক্ষেত্রে টেব্যুলেশন শিট প্রস্তুত সংক্রান্ত নির্দেশনা পরবর্তীতে প্রেরণ করা হবে।

| ক্রম | রোল | পরীক্ষার্থীর পদবি ও নাম | বিপি (শুধু নম্বর লিখতে হবে বিপি লিখা যাবে না) | জেলা/ইউনিট | বর্তমান পদে শিক্ষানবিশ ঘোষণার তারিখ | বর্তমান পদে পদোন্নতির তারিখ | কনস্টেবল পদে নিয়োগের তারিখ | জন্ম তারিখ | চাকরিতে প্রবেশের চাহিত শিক্ষাগত যোগ্যতার পাশের | ক্যাম্প প্রশিক্ষণ (নম্বর) | চাকরির দৈর্ঘ্য (নম্বর) | পুরস্কার | | | সাক্ষাৎকার (নম্বর) | প্যারেড (নম্বর) | অন্যান্য (নম্বর) | মোট নম্বর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | | পুরস্কার(নম্বর) | শাস্তি (নম্বর কর্তন) | প্রাপ্ত নম্বর | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ = (১৩-১৪) | ১৬ | ১৭ | ১৮ | ১৯=(১১+১২+১৫+১৬+১৭+১৮) | ২০ |
| | | | | | | | | | | | | | | | | | | | |

১৪। <u>কেন্দ্রীয় মেধাতালিকা প্রস্তুতকরণ</u>

ক. পুলিশ হেডকোয়ার্টার্স স্মারক নং-৪৪.০১.০০০০.০২৮.১৩.০১৭.১৯-৩৫২ (১৪০); তারিখ- ২৯ জুলাই, ২০২০ খ্রি. মূলে জারিকৃত পত্রের নির্দেশনা (বাংলাদেশ পুলিশের অধস্তন কর্মকর্তা/কর্মচারীগণের বিভাগীয় পদোন্নতি পরীক্ষার প্রতিটি পদের জন্য কেন্দ্রীয়ভাবে পৃথক পৃথক মেধাতালিকা প্রণয়ন করা হবে। তবে টিঅ্যান্ডআইএম-এর পরীক্ষার বিষয়বস্তু, নম্বর বণ্টন ও সিলেবাস ভিন্ন হওয়ায় কেন্দ্রীয় মেধাতালিকার অন্তর্ভুক্ত হবে না। এ ক্ষেত্রে মেধাতালিকা প্রণয়ন ও পদোন্নতি প্রদান সংশ্লিষ্ট বিধি-বিধান অনুসরণ করে সম্পন্ন করতে হবে) অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে;

খ. কোনো পরীক্ষার্থী প্রতি বিষয়ে শতকরা ৫০ নম্বর ও এগ্রিগেটে শতকরা ৬০ নম্বর পেলে তাকে পাশ বলে গণ্য করা হবে এবং তার নাম অনুমোদিত কেন্দ্রীয় মেধাতালিকায় অন্তর্ভুক্ত হবে;

গ. পুলিশ হেডকোয়ার্টার্স স্মারক নং-৪৪.০১.০০০০.০২৮.১৩.০১৭.১৯-৪০৮(১৪৫); তারিখ-১৭ আগস্ট, ২০২০ খ্রিষ্টাব্দ মূলে জারিকৃত নির্দেশনা অনুসরণকরত কোনো ক্ষেত্রে দুইজন প্রার্থী সমান নম্বর পেলে সাবস্টেনটিভ পদে জ্যেষ্ঠ প্রার্থী অনুমোদিত কেন্দ্রীয় মেধাতালিকায় অগ্রাধিকার পাবে। এ ক্ষেত্রে একই নম্বর প্রাপ্তদের জ্যেষ্ঠতা নিম্নরূপে নির্ধারিত হবে-

I. বর্তমান পদে শিক্ষানবিশ ঘোষণার তারিখ অনুযায়ী মেধাক্রমের পারস্পারিক জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

II. বর্তমান পদে শিক্ষানবিশ ঘোষণার তারিখ একই হলে বর্তমান পদে পদোন্নতির তারিখ অনুযায়ী মেধাক্রমের পারস্পারিক জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

III. বর্তমান পদে পদোন্নতির তারিখ একই হলে নিয়োগের তারিখ অনুযায়ী মেধাক্রমের পারস্পারিক জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

IV. নিয়োগের তারিখ একই হলে জন্ম তারিখ অনুযায়ী মেধাক্রমের পারস্পারিক জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

V. জন্ম তারিখ একই হলে চাকরিতে প্রবেশ পদে চাহিত শিক্ষাগত যোগ্যতা অর্জনের পাশের সালের ভিত্তিতে মেধাক্রমের পারস্পারিক জ্যেষ্ঠতা নির্ধারিত হবে এবং

VI. চাকরির প্রবেশ পদে চাহিত শিক্ষাগত যোগ্যতা অর্জনের পাশের সাল একই হলে নামের আদ্যাক্ষরের ভিত্তিতে মেধাক্রমের পারস্পারিক জ্যেষ্ঠতা নির্ধারিত হবে।

ঘ. কেন্দ্রীয় মেধাতালিকা প্রস্তুত কমিটির সভাপতিকে ব্যক্তিগত তত্ত্বাবধানে কমিটির অন্যান্য সদস্যদের নিয়ে জেলা/ইউনিট পর্যায়ে গঠিত বিভাগীয় পদোন্নতি পরীক্ষা বোর্ডের নিকট হতে ক্যাম্প প্রশিক্ষণ, প্যারেড, সাক্ষাৎকার ও চাকরির খতিয়ান সম্পর্কিত প্রাপ্ত টেব্যুলেশন শিট এবং লিখিত পরীক্ষা পরিচালনা বোর্ডের নিকট হতে প্রাপ্ত লিখিত পরীক্ষার চূড়ান্ত টেব্যুলেশন শিট সমন্বয় করে প্রতিটি এন্ট্রির নির্ভুলতা যাচাইকরত প্রযোজ্য বিধি-বিধান অনুসরণ করে সমন্বিত নম্বরের বৃহৎ ক্রমের ভিত্তিতে ***মাইক্রোসফট অফিস এক্সেল (সুতন্নি এমজে ফন্ট)***-এ নিম্নোক্ত ছক মোতাবেক আগামী ১১.১২.২০২৬ খ্রি. তারিখের মধ্যে পদভিত্তিক পৃথক পৃথক কেন্দ্রীয় মেধাতালিকা প্রস্তুত করে বোর্ডের সকল সদস্যের স্বাক্ষরসহ এক কপি (হার্ড কপি) অ্যাডিশনাল ডিআইজি (আরঅ্যান্ডসিপি-১), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা বরাবর প্রেরণ করতে হবে।

| ক্রম | রোল নম্বর | পরীক্ষার্থীর পদবি ও নাম | বিপি | বিষয়...... | | বিষয়......... | | ক্যাম্প প্রশিক্ষণ (নম্বর) | প্যারেড (নম্বর) | সাক্ষাৎকার ও চাকরির খতিয়ান (নম্বর) | অন্যান্য (নম্বর) | মোট নম্বর | ফলাফল |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | কোড নং | প্রাপ্ত নম্বর | কোড নং | প্রাপ্ত নম্বর | | | | | | |
| | | | | | | | | | | | | | |

১৫। <u>বিভাগীয় পদোন্নতি পরীক্ষার ফলাফল প্রকাশ</u>

পুলিশের অধস্তন কর্মকর্তা এবং কর্মচারীগণের ২০২৬ সালের বিভাগীয় পদোন্নতি পরীক্ষায় পদওয়ারী পৃথক পৃথক কেন্দ্রীয় মেধাভিত্তিক ফলাফল (অনুমোদিত তালিকা) আরঅ্যান্ডসিপি-১ শাখা, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা হতে প্রকাশ করা হবে।

১৬। <u>পদোন্নতি প্রদান</u>

অনুমোদিত কেন্দ্রীয় মেধাতালিকা হতে পদোন্নতির ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করতে হবে:

ক. পুলিশ হেডকোয়ার্টার্স স্মারক নং-৪৪.০১.০০০০.০২৮.১৩.০১৭.১৯-৪০৮(১৪৫); তারিখ-১৭ আগস্ট, ২০২০ খ্রি. মূলে জারিকৃত নিম্নোক্ত নির্দেশনা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে-

১. কোনো জেলা বা ইউনিটে পদোন্নতিযোগ্য প্রকৃত শূন্যপদ সৃজিত হলে কেন্দ্রীয়ভাবে মেধাতালিকার শীর্ষে অবস্থানকারী প্রার্থীকে প্রযোজ্য বিধি-বিধানের আলোকে পদোন্নতি প্রদানের মাধ্যমে উক্ত শূন্যপদটি পূরণ করতে হবে। মেধাতালিকার শীর্ষে অবস্থানকারী প্রার্থী অন্য জেলা/ইউনিটে কর্মরত থাকলে শূন্যপদ সংশ্লিষ্ট জেলা বা ইউনিটে বদলিপূর্বক পদোন্নতি কার্যকর করতে হবে। এ ক্ষেত্রে সৃজিত শূন্যপদটি মেধাতালিকার শীর্ষে অবস্থানকারী প্রার্থীর নিজ জেলায় হলেও তাকে উক্ত জেলার বিপরীতে পদোন্নতি প্রদানকরত তাৎক্ষণিকভাবে অন্যত্র বদলি করতে হবে;

২. কোনো জেলা বা ইউনিটে পদোন্নতিযোগ্য কোনো শূন্যপদ মঞ্জুরিকৃত নারী পদের বিপরীতে সৃজিত হলে তা কেন্দ্রীয় মেধাতালিকার শীর্ষে অবস্থানকারী নারী প্রার্থী দ্বারা প্রযোজ্য বিধি-বিধান অনুসরণ করে পদোন্নতি প্রদানের মাধ্যমে পূরণ করতে হবে। এ ক্ষেত্রে কেন্দ্রীয় মেধাতালিকায় কোনো নারী উত্তীর্ণ প্রার্থী না থাকলে পদটি পরবর্তী বছর নারীদের জন্য সংরক্ষিত থাকবে এবং

৩. বিভাগীয় পদোন্নতি পরীক্ষায় উত্তীর্ণ এবং পদোন্নতিযোগ্য যে সকল পুলিশ সদস্য জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে অবস্থান করবেন, তাদের পদোন্নতির ক্রম আসলে তাদেরকে প্রযোজ্য বিধি মোতাবেক পদোন্নতির সকল শর্ত পূরণসাপেক্ষে পদোন্নতি প্রদান করা হয়েছে মর্মে যথাসময়ে আদেশ জারি করতে হবে। এ ক্ষেত্রে পদোন্নতিপ্রাপ্ত পুলিশ সদস্যগণ মিশন হতে প্রত্যাবর্তনের পর পদোন্নতিপ্রাপ্ত পদে দায়িত্ব পালন শুরু করবেন। জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে কর্মরত থাকা অবস্থায় কোনো পুলিশ সদস্যের পদোন্নতির আদেশ জারির সাথে সাথে সৃষ্ট শূন্যপদকে প্রকৃত শূন্যপদ বিবেচনান্তে প্রযোজ্য বিধি-বিধানের আলোকে তাৎক্ষণিকভাবে পদোন্নতির মাধ্যমে পূরণ করতে হবে।

খ. স্মারক নং-আরএন্ডএম/৫৫-২০০৮(অংশ)/৬৬৪(১৫); তারিখ-১৯/০৫/২০০৯ খ্রি. মূলে অধস্তন পুলিশ কর্মচারীদের বিভিন্ন পদে পদোন্নতি প্রদানের প্রাক্কালে নিম্নবর্ণিত বিষয়াদি বিবেচনা করার জন্য নির্দেশনা প্রদান করা হয়:

(ক) বার্ষিক গোপনীয় প্রতিবেদনে ০৩ (তিন) বছরের মধ্যে কোনো বিরূপ মন্তব্য থাকলে পদোন্নতি দেয়া যাবে না।

(খ) গুরুদণ্ড প্রাপ্তির মেয়াদ ০৩ (তিন) বছর উত্তীর্ণ না হলে পদোন্নতি দেয়া যাবে না।

(গ) কোনো অভিযোগ মুলতুবি থাকলে পদোন্নতি দেয়া যাবে না।

গ. পুলিশ হেডকোয়ার্টার্স স্মারক নং-৪৪.০১.০০০০.০২৮.০৩.০৩৩.১১.২৯৬১; তারিখ-২৫ আগষ্ট, ২০১৫ খ্রি. (পরিপত্র নং-৪/২০১৫) মূলে পুলিশ কর্মকর্তা ও কর্মচারীগণের পদোন্নতি প্রদানের ক্ষেত্রে বিভাগীয় মামলায় প্রদত্ত শাস্তির ধরণ বিবেচনায় মেয়াদ গণনার বিদ্যমান নির্দেশনা স্পষ্টীকরণ করা হয়।

(১) গুরুদণ্ড

কোনো পুলিশ কর্মকর্তা/কর্মচারী গুরুদণ্ডের মেয়াদ ০৩ (তিন) বছর কিংবা ০৩ (তিন) বছরের কম যাই হোক না কেন; তার গুরুদণ্ড প্রাপ্তির পর ০৩ (তিন) বছর অতিবাহিত না হওয়া পর্যন্ত পদোন্নতির তালিকায়/আরএএল-এ অন্তর্ভুক্তির কোন সুযোগ থাকবে না। উল্লেখ্য, দণ্ডাদেশ প্রাপ্তির তারিখ হতে এ সময়কাল গণনা করা হবে। তবে কারো গুরুদণ্ডের মেয়াদ ০৩ (তিন) বছরের অধিককাল হলে; প্রাপ্ত গুরুদণ্ডের মেয়াদ শেষঅন্তে তার নাম পদোন্নতির তালিকা/আরএএল-এ অন্তর্ভুক্তি করা যাবে। এ ছাড়া অন্যূন ০৩ (তিন) টি গুরুদণ্ড থাকলে সে ক্ষেত্রে ০৫ (পাঁচ) বছর পর্যন্ত পদোন্নতি/আরএএল-এ অন্তর্ভুক্তির জন্য যোগ্য বিবেচিত হবে না।

(২) লঘুদণ্ড

কোনো পুলিশ কর্মকর্তা/কর্মচারী বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে কমপক্ষে ২০ (বিশ) টি লঘুদণ্ড প্রাপ্ত হলে, তার সর্বশেষ লঘুদণ্ড প্রাপ্তির পর ০১ (এক) বছর অতিবাহিত না হওয়া পর্যন্ত পদোন্নতির তালিকা/আরএএল-এ অন্তর্ভুক্তির কোনো সুযোগ থাকবে না।

১৭। <u>সাধারণ ব্যতিক্রম</u>

পুলিশ টেলিকম সংস্থায় কর্মরত কনস্টেবলগণ যারা কেন্দ্রীয়ভাবে বিভাগীয় পদোন্নতি পরীক্ষার (১) কনস্টেবল হতে নায়েক (২) কনস্টেবল হতে এটিএসআই (৩) কনস্টেবল/নায়েক হতে এএসআই (নিরস্ত্র) পদে অংশগ্রহণে ইচ্ছুক তারা অনুচ্ছেদ ৬ এর 'ক'-এ বর্ণিত নির্দেশনার আলোকে অনলাইনে আবেদন করতে পারবেন। এছাড়া পুলিশ টেলিকম সংস্থার বিভাগীয় পদোন্নতি পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীদের পূর্বের ন্যায় ইউনিটের মাধ্যমে আবেদন করতে হবে। অনলাইনে আবেদনের প্রয়োজন নেই। তবে কোন পরীক্ষার্থী যেন একাদিক পদে আবেদন করতে না পারে বিষয়টি পুলিশ টেলিকম সংস্থা কর্তৃক নিশ্চিত করতে হবে। এ ক্ষেত্রে বিভাগীয় পদোন্নতি পরীক্ষায় অধিকতর স্বচ্ছতা ও নিরপেক্ষতা নিশ্চিতকরণে পদোন্নতি পরীক্ষার বোর্ড গঠন, লিখিত পরীক্ষার উত্তরপত্র, লুজশিট এবং অন্যান্য সামগ্রী সংগ্রহ ও সংরক্ষণ, পরীক্ষার প্রশ্নপত্র সংগ্রহ ও সংরক্ষণ, লিখিত পরীক্ষার প্রশ্নপত্র খোলাসহ ফটোকপি ও বিতরণ, পরীক্ষা গ্রহণ ও নিরাপত্তা বিধান নিশ্চিতকরণ সংক্রান্ত উপর্যুক্ত নির্দেশনা অনুসরণের পাশাপাশি নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করতে হবে-

ক. লিখিত পরীক্ষা গ্রহণ কমিটির সভাপতি পুলিশ হেডকোয়ার্টার্স হতে প্রেরিত প্রতিনিধি এবং কমিটির অন্যান্য সদস্যগণের সম্মুখে ফটোকপি করার জন্য প্রতিটি পরীক্ষার নির্ধারিত তারিখ ও সময়ে নির্ধারিত কক্ষে প্রশ্নপত্র অনলাইন হতে ডাউনলোড করবেন;

খ. লিখিত পরীক্ষা গ্রহণ কমিটির সভাপতি পরীক্ষা শেষে ব্যক্তিগতভাবে নির্ধারিত কক্ষে উপস্থিত থেকে নিজ বিবেচনায় সর্বোচ্চ গোপনীয়তা রক্ষা করে শুধু পরীক্ষা কমিটির সদস্যের সহায়তায় পুলিশ হেডকোয়ার্টার্সের মনোনীত প্রতিনিধির উপস্থিতিতে উত্তরপত্রের উপর যুক্ত টপশিট এবং মূল উত্তরপত্রের নির্ধারিত স্থানে সহজবোধ্য কোডিং এর পরিবর্তে নাম্বারিং মেশিন (অটোমেটিক) ব্যবহার করে কমপক্ষে ৬ (ছয়) অঙ্কবিশিষ্ট একই সংখ্যার কোড নম্বর প্রদানের ব্যবস্থা করে টপশিটসমূহ এবং বিষয়ভিত্তিক পরীক্ষার্থীদের স্বাক্ষর সংবলিত উপস্থিতিশিট আলাদা মুখবন্ধ খামে সিলগালাপূর্বক নিজ হেফাজতে সংরক্ষণকরত সর্বোচ্চ গোপনীয়তা রক্ষা করে উত্তরপত্রসমূহ মূল্যায়নের জন্য সিলমোহরযুক্ত কাভারে গঠিত কমিটির নিকট প্রেরণ করবেন;

গ. উত্তরপত্র মূল্যায়ন কমিটির সভাপতি কোনোরূপ বিলম্ব না করে নিজ বিবেচনায় উত্তরপত্র মূল্যায়নের নিমিত্ত সকল সদস্যের মধ্যে প্রশ্ন নির্ধারণ করে দিবেন যাতে একজন সদস্য সকল উত্তরপত্রের একই প্রশ্নের উত্তর মূল্যায়ন করতে পারেন। উত্তরপত্রসমূহ মূল্যায়নপূর্বক সকল সদস্যের স্বাক্ষরসহ কোডভিত্তিক মার্কশিট ***মাইক্রোসফট অফিস এক্সেল (সুতন্নি এমজে ফন্ট)***-এ নিম্নোক্ত ছক মোতাবেক প্রস্তুতকরত উহার এক কপি সংশ্লিষ্ট লিখিত পরীক্ষা পরিচালনা কমিটির সভাপতির নিকট আগামী **১৭.১০.২০২৬ খ্রি.** তারিখের মধ্যে প্রেরণ করবেন। এছাড়া কোডভিত্তিক মার্কশিটের আরেক কপি (হার্ড কপি ও সিডিতে সফট্ কপি) একই তারিখের মধ্যে অ্যাডিশনাল ডিআইজি (আরঅ্যান্ডসিপি-১), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা বরাবর প্রেরণ করতে হবে;

| ক্রম | পরীক্ষার নাম | বিষয় | কোড নম্বর | প্রাপ্ত নম্বর |
|---|---|---|---|---|
| | | | | |

ঘ. উত্তরপত্র মূল্যায়ন শেষে কোডকৃত উত্তরপত্রসমূহ ডি-কোডিং করার পূর্বেই নিরীক্ষণ কার্যক্রম সম্পন্ন করতে হবে। এ ক্ষেত্রে পরীক্ষা পরিচালনা কমিটির সভাপতি ব্যক্তিগত তত্ত্বাবধানে কমিটির অন্যান্য সদস্যদের নিয়ে এবং পুলিশ হেডকোয়ার্টার্স হতে প্রেরিত প্রতিনিধিগণের উপস্থিতিতে উত্তরপত্র নিরীক্ষণ কার্যক্রম সম্পন্নকরত নিরীক্ষণ প্রতিবেদন তাৎক্ষণিকভাবে নিম্নোক্ত ছক মোতাবেক ফ্যাক্স বার্তায় অ্যাডিশনাল ডিআইজি (আরঅ্যান্ডসিপি-১), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা বরাবর প্রেরণ করবেন;

| ক্রম | পরীক্ষার নাম | বিষয় | কোড নম্বর | মূল্যায়নকারী কর্তৃক প্রদত্ত মোট নম্বর | নিরীক্ষণান্তে সংশোধিত যোগফল | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |

ঙ. উত্তরপত্র নিরীক্ষণান্তে লিখিত পরীক্ষা পরিচালনা কমিটির সভাপতি ব্যক্তিগত তত্ত্বাবধানে কমিটির অন্যান্য সদস্যদের নিয়ে এবং পুলিশ হেডকোয়ার্টার্স হতে প্রেরিত প্রতিনিধিগণের উপস্থিতিতে উত্তরপত্র ডি-কোডিং কার্যক্রম সম্পন্ন করবেন। উত্তরপত্রসমূহের ডি-কোডিং কার্যক্রম সম্পন্ন করে নিম্নোক্ত ছক মোতাবেক আগামী ১৮.১০.২০২৬ খ্রি. তারিখের মধ্যে পদভিত্তিক চূড়ান্ত টেব্যুলেশন শিট প্রস্তুত করে

বোর্ডের সকল সদস্যের স্বাক্ষরসহ এক কপি অ্যাডিশনাল ডিআইজি (আরঅ্যান্ডসিপি-১), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা বরাবর প্রেরণ করবেন;

| ক্রম | রোল | পরীক্ষার্থীর নাম, বিপি ও পদবি | বিষয়...... | | বিষয়........ | | প্যারেড (নম্বর) | সাক্ষাৎকার ও চাকরির খতিয়ান (নম্বর) | অন্যান্য (নম্বর) | মোট নম্বর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | কোড | প্রাপ্ত নম্বর | কোড | প্রাপ্ত নম্বর | | | | | |
| | | | | | | | | | | | |

চ. সংশ্লিষ্ট ইউনিট প্রধান তাঁর ব্যক্তিগত তত্ত্বাবধানে চূড়ান্ত টেব্যুলেশন শিটের ভিত্তিতে মেধাভিত্তিক চূড়ান্ত ফলাফল প্রস্তুত করে ফলাফল প্রকাশ করবেন এবং প্রকাশিত চূড়ান্ত মেধাভিত্তিক ফলাফল (অনুমোদিত তালিকা)-এর এক কপি অ্যাডিশনাল ডিআইজি (আরঅ্যান্ডসিপি-১), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা বরাবর আগামী ২১.১০.২০২৬ খ্রি. তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।

১৮। সাধারণ নির্দেশনাবলি

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীদের অবিলম্বে বিজ্ঞপ্তির মাধ্যমে বিভাগীয় পরীক্ষা সম্পর্কে অবহিত করতে হবে;

খ. উপযুক্ত প্রার্থীদের যোগ্যতা সংক্রান্ত তথ্যাদি নামের তালিকা প্রেরণের পূর্বে পিআইএমএস ডাটা-বেইস এ হালনাগাদ করতে হবে;

গ. ১৫ দিন মেয়াদি ক্যাম্প প্রশিক্ষণ আগামী ২০.০৯.২০২৬ খ্রি. তারিখের মধ্যে অবশ্যই শুরু করতে হবে;

ঘ. বিভাগীয় পদোন্নতি পরীক্ষা সংক্রান্ত কোনো ব্যাখ্যার প্রয়োজন হলে অ্যাডিশনাল ডিআইজি (আরঅ্যান্ডসিপি-১), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা এর সাথে যোগাযোগ করতে হবে;

ঙ. বিভাগীয় পদোন্নতি পরীক্ষা অনুষ্ঠান ও ফল প্রকাশ পর্যন্ত সমগ্র পদ্ধতিতে স্বচ্ছতা নিশ্চিতকরত সকল প্রকার অনিয়ম রোধ করতে হবে;

চ. পরীক্ষায় কেউ যাতে অসদুপায় অবলম্বন করতে না পারে তার নিশ্চয়তা বিধান করতে হবে। পরীক্ষায় অসদুপায় অবলম্বনকারী যে কোনো পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্র হতে বহিষ্কারের ক্ষমতা কেন্দ্রে নিয়োজিত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের থাকবে;

ছ. কোনো পুলিশ কর্মকর্তা/কর্মচারী কোনো পরীক্ষার্থীকে অসদুপায় অবলম্বনের কাজে সহায়তা প্রদান করলে উক্ত কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে আইনানুগ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে;

জ. সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রে (লিখিত এবং বহুনির্বাচনি) বহিষ্কৃত, অনুপস্থিত ও উপস্থিত পরীক্ষার্থীদের পরিসংখ্যান নিম্নোক্ত ছক মোতাবেক অ্যাডিশনাল ডিআইজি (আরঅ্যান্ডসিপি-১), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা বরাবর প্রেরণের বিষয়টি নিশ্চিত করতে হবে;

| পরীক্ষা কেন্দ্রের নাম | বিভাগীয় পদোন্নতি পরীক্ষার নাম | বিষয় | বহিষ্কৃত | অনুপস্থিত | উপস্থিত (বহিষ্কৃত ব্যতীত) | মোট পরীক্ষার্থী | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | | |

ঝ. পরীক্ষা যাতে সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত হয় তার যাবতীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং

ঞ. পরীক্ষা গ্রহণ সংক্রান্ত বিদ্যমান বিধি-বিধান মোতাবেক প্রয়োজনীয় যে কোনো ব্যবস্থা গ্রহণ করতে হবে।

উল্লিখিত নির্দেশনাবলি যথাযথভাবে অনুসরণপূর্বক বিভাগীয় পদোন্নতি পরীক্ষাসমূহ সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পাদনের নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৫.১৮.২৭

মোঃ আবু হাসান, বিপিএম-সেবা
বিপি-৭৫০৫১৮৯০২১
অ্যাডিশনাল ডিআইজি (রিক্রুটমেন্ট অ্যান্ড ক্যারিয়ার প্ল্যানিং-১)
বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
☎ ২২৩৩৫৫৩১৯
ই-মেইল : addldigr_cp1@police.gov.bd

বিতরণ :

(জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

১. অ্যাডিশনাল আইজি, আর্মড পুলিশ ব্যাটালিয়ন, বাংলাদেশ পুলিশ, ঢাকা
২. অ্যাডিশনাল আইজি, শিল্পাঞ্চল পুলিশ, বাংলাদেশ পুলিশ, ঢাকা
৩. অ্যাডিশনাল আইজি, এন্টি টেররিজম ইউনিট, বাংলাদেশ পুলিশ, ঢাকা
৪. অ্যাডিশনাল আইজি, পিবিআই, বাংলাদেশ পুলিশ, ঢাকা
৫. পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা
৬. অ্যাডিশনাল আইজি, এসবি, বাংলাদেশ পুলিশ, ঢাকা
৭. রেক্টর, পুলিশ স্টাফ কলেজ, বাংলাদেশ পুলিশ, ঢাকা
৮. অ্যাডিশনাল আইজি, নৌ-পুলিশ, বাংলাদেশ পুলিশ, ঢাকা
৯. মহাপরিচালক, র‍্যাব, র‍্যাব ফোর্সেস সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা
১০. প্রিন্সিপ্যাল, বাংলাদেশ পুলিশ একাডেমী, সারদা, রাজশাহী

১১. অ্যাডিশনাল আইজি, সিআইডি, বাংলাদেশ পুলিশ, ঢাকা
১২. অ্যাডিশনাল আইজি, পুলিশ টেলিকম সংস্থা, বাংলাদেশ পুলিশ, ঢাকা
১৩. অ্যাডিশনাল আইজি, হাইওয়ে পুলিশ, বাংলাদেশ পুলিশ, ঢাকা
১৪. অ্যাডিশনাল আইজি, ট্যুরিস্ট পুলিশ, বাংলাদেশ পুলিশ, ঢাকা
১৫. অ্যাডিশনাল আইজি, রেলওয়ে পুলিশ হেডকোয়ার্টার্স, বাংলাদেশ পুলিশ, ঢাকা
১৬. ডিআইজি, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ রেঞ্জ, বাংলাদেশ পুলিশ
১৭. পুলিশ কমিশনার, সিএমপি/আরএমপি/কেএমপি/এসএমপি/বিএমপি/গাজীপুর মেট্রোপলিটন পুলিশ/রংপুর মেট্রোপলিটন পুলিশ
১৮. ডিআইজি, হাইওয়ে পুলিশ/রেলওয়ে পুলিশ/এমআরটি/আর্মড পুলিশ ব্যাটালিয়ন (পার্বত্য জেলাসমূহ) কার্যালয়/এসপিবিএন, বাংলাদেশ পুলিশ
১৯. পরিচালক (ডিআইজি), কেন্দ্রীয় পুলিশ হাসপাতাল, রাজারবাগ, ঢাকা
২০. কমান্ড্যান্ট (ডিআইজি), পিটিসি, টাঙ্গাইল/নোয়াখালী/খুলনা/রংপুর
২১. কমান্ড্যান্ট (ডিআইজি), টিডিএস, ঢাকা
২২. কমান্ড্যান্ট (ডিআইজি), এপিবিএন অ্যান্ড বিশেষায়িত ট্রেনিং সেন্টার, খাগড়াছড়ি
২৩. অ্যাডিশনাল ডিআইজি (হেডকোয়ার্টার্স/ইউএন অ্যাফেয়ার্স), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
২৪. অধিনায়ক (অ্যাডিশনাল ডিআইজি), ........................................................................(সকল এপিবিএন)
২৫. অধিনায়ক (অ্যাডিশনাল ডিআইজি) এসপিবিএন-১/এসপিবিএন-২
২৬. কমান্ড্যান্ট (অ্যাডিশনাল ডিআইজি), আরআরএফ, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর
২৭. কমান্ড্যান্ট (অ্যাডিশনাল ডিআইজি), পিএসটিএস, বেতবুনিয়া, রাঙ্গামাটি
২৮. এআইজি (পিআইএমএস), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
২৯. পুলিশ সুপার, ........................................................................(সকল জেলা)
৩০. পুলিশ সুপার,........................................................................(সকল), ট্যুরিস্ট পুলিশ/নৌ-পুলিশ/ পিবিআই/
৩১. পুলিশ সুপার, রেলওয়ে জেলা ........................................................................(সকল)
৩২. পরিচালক (পুলিশ সুপার), শিল্পাঞ্চল পুলিশ,........................(সকল)
৩৩. পুলিশ সুপার, রিজিয়নাল হাইওয়ে পুলিশ........................................................................(সকল)
৩৪. কমান্ড্যান্ট (পুলিশ সুপার), ইন-সার্ভিস ট্রেনিং সেন্টার, ..........................................(সকল)
৩৫. ইনচার্জ, পুলিশ কন্ট্রোল রুম, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা (পত্রটি সংশ্লিষ্ট জেলা/ইউনিটে ফ্যাক্স বার্তার মাধ্যমে প্রেরণ নিশ্চিতকরণসহ স্বাক্ষরকারীকে অবহিত করতে হবে)

পরিশিষ্ট-ক

# পুলিশের অধস্তন কর্মকর্তা এবং কর্মচারীগণের বিভাগীয় পদোন্নতি পরীক্ষা ২০২৬ এর সময়সূচি

ক. জেলা/ইউনিট :

১. কনস্টেবল হতে নায়েক পদে বিভাগীয় পদোন্নতি পরীক্ষা:

| ক্রম. | পরীক্ষার বিষয় ও পূর্ণমান | তারিখ, দিন ও সময় |
|---|---|---|
| ১. | ক্যাম্প প্রশিক্ষণ; নম্বর-২০ | ০৫/১০/২০২৬ খ্রি. (সোমবার) |
| ২. | প্যারেড; নম্বর-৫০ | ০৬/১০/২০২৬ খ্রি. (মঙ্গলবার)/সুবিধাজনক সময় |
| ৩. | সাক্ষাৎকার, চাকরির খতিয়ান ও পুরস্কার; নম্বর-৩০ | ০৬/১০/২০২৬ খ্রি. (মঙ্গলবার)/সুবিধাজনক সময় |

২. নায়েক হতে এএসআই(সশস্ত্র) পদে বিভাগীয় পদোন্নতি পরীক্ষা:

| ক্রম. | পরীক্ষার বিষয় ও পূর্ণমান | তারিখ, দিন ও সময় |
|---|---|---|
| ১. | ক্যাম্প প্রশিক্ষণ; নম্বর-২০ | ০৫/১০/২০২৬ খ্রি. (সোমবার) |
| ২. | প্যারেড; নম্বর-৫০ | ০৬/১০/২০২৬ খ্রি. (মঙ্গলবার)/সুবিধাজনক সময় |
| ৩. | সাক্ষাৎকার, চাকরির খতিয়ান ও পুরস্কার; নম্বর-৩০ | ০৬/১০/২০২৬ খ্রি. (মঙ্গলবার)/সুবিধাজনক সময় |
| ৪. | আইন ও বিধির ব্যবহারিক জ্ঞান: লিখিত পরীক্ষা (পুস্তকসহ); নম্বর-২৫ | ১১/১০/২০২৬ খ্রি. (রবিবার), ১৫.০০ ঘটিকা |

৩. এএসআই (সশস্ত্র) হতে এসআই (সশস্ত্র) পদে বিভাগীয় পদোন্নতি পরীক্ষা:

| ক্রম. | পরীক্ষার বিষয় ও পূর্ণমান | তারিখ, দিন ও সময় |
|---|---|---|
| ১. | প্যারেড; নম্বর-৫০ | ০৬/১০/২০২৬ খ্রি. (মঙ্গলবার)/সুবিধাজনক সময় |
| ২. | সাক্ষাৎকার, চাকরির খতিয়ান ও পুরস্কার; নম্বর-৫০ | ০৬/১০/২০২৬ খ্রি. (মঙ্গলবার)/সুবিধাজনক সময় |
| ৩. | আইন ও বিধির ব্যবহারিক জ্ঞান: লিখিত পরীক্ষা (পুস্তকসহ); নম্বর-৫০ | ১১/১০/২০২৬ খ্রি. (রবিবার), ১৫.০০ ঘটিকা |

৪. কনস্টেবল হতে এটিএসআই পদে বিভাগীয় পদোন্নতি পরীক্ষা:

| ক্রম. | পরীক্ষার বিষয় ও পূর্ণমান | তারিখ, দিন ও সময় |
|---|---|---|
| ১. | ক্যাম্প প্রশিক্ষণ; নম্বর-২০ | ০৫/১০/২০২৬ খ্রি. (সোমবার) |
| ২. | প্যারেড; নম্বর-০৫ | ০৭/১০/২০২৬ খ্রি. (বুধবার)/সুবিধাজনক সময় |
| ৩. | চাকরির খতিয়ান ও পুরস্কার; নম্বর-১৫ | ০৭/১০/২০২৬ খ্রি. (বুধবার)/সুবিধাজনক সময় |
| ৪. | আইন ও বিধির ব্যবহারিক জ্ঞান: লিখিত পরীক্ষা (পুস্তকসহ); নম্বর-৮৫ | ১১/১০/২০২৬ খ্রি. (রবিবার), ১৫.০০ ঘটিকা |

৫. এটিএসআই হতে টিএসআই পদে বিভাগীয় পদোন্নতি পরীক্ষা:

| ক্রম. | পরীক্ষার বিষয় ও পূর্ণমান | তারিখ, দিন ও সময় |
|---|---|---|
| ১. | ক্যাম্প প্রশিক্ষণ; নম্বর-২০ | ০৫/১০/২০২৬ খ্রি. (সোমবার) |
| ২. | প্যারেড; নম্বর-২৫ | ০৭/১০/২০২৬ খ্রি. (বুধবার)/সুবিধাজনক সময় |
| ৩. | সাক্ষাৎকার, চাকরির খতিয়ান ও পুরস্কার; নম্বর-৩০ | ০৭/১০/২০২৬ খ্রি. (বুধবার)/সুবিধাজনক সময় |
| ৪. | আইন ও বিধির ব্যবহারিক জ্ঞান: লিখিত পরীক্ষা (পুস্তকসহ); নম্বর-৭৫ | ১১/১০/২০২৬ খ্রি. (রবিবার), ১৫.০০ ঘটিকা |

৬. কনস্টেবল/নায়েক হতে এএসআই (নিরস্ত্র) পদে বিভাগীয় পদোন্নতি পরীক্ষা:

| ক্রম. | পরীক্ষার বিষয় ও পূর্ণমান | তারিখ, দিন ও সময় |
|---|---|---|
| ১. | আইন ও বিধি: বহুনির্বাচনি (এমসিকিউ) পরীক্ষা; নম্বর-৫০ | ০২/১০/২০২৬ খ্রি. (শুক্রবার), ১৫.০০ ঘটিকা |
| ২. | আইন ও বিধি: লিখিত পরীক্ষা (পুস্তক ব্যতীত); নম্বর-৫০ | ০৯/১০/২০২৬ খ্রি. (শুক্রবার), ১৫.০০ ঘটিকা |
| ৩. | আইন ও বিধি: লিখিত পরীক্ষা (পুস্তকসহ); নম্বর-৫০ | ১০/১০/২০২৬ খ্রি. (শনিবার), ১৫.০০ ঘটিকা |
| ৪. | প্যারেড; নম্বর-০৫ | ১৪/১০/২০২৬ খ্রি. (বুধবার)/সুবিধাজনক সময়ে |
| ৫. | চাকরির খতিয়ান ও পুরস্কার; নম্বর-১৫<br>(শর্ত পূরণসাপেক্ষে নায়েক হলে অতিরিক্ত ০৫ নম্বর) | ১৪/১০/২০২৬ খ্রি. (বুধবার)/সুবিধাজনক সময়ে |

৭. এএসআই হতে এসআই (নিরস্ত্র) পদে বিভাগীয় পদোন্নতি পরীক্ষা:

| ক্রম. | পরীক্ষার বিষয় ও পূর্ণমান | তারিখ, দিন ও সময় |
|---|---|---|
| ১. | আইন ও বিধি: বহুনির্বাচনি (এমসিকিউ) পরীক্ষা; নম্বর-৫০ | ০২/১০/২০২৬ খ্রি. (শুক্রবার), ১০.০০ ঘটিকা |
| ২. | আইন ও বিধি: লিখিত পরীক্ষা (পুস্তক ব্যতীত); নম্বর-৬৫ | ১২/১০/২০২৬ খ্রি. (সোমবার), ১৫.০০ ঘটিকা |
| ৩. | আইন ও বিধি: লিখিত পরীক্ষা (পুস্তকসহ); নম্বর-৬০ | ১৩/১০/২০২৬ খ্রি. (মঙ্গলবার), ১৫.০০ ঘটিকা |
| ৪. | প্যারেড; নম্বর-৫ | ১৪/১০/২০২৬ খ্রি. (বুধবার)/সুবিধাজনক সময়ে |
| ৫. | চাকরির খতিয়ান ও পুরস্কার; নম্বর-২০ | ১৪/১০/২০২৬ খ্রি. (বুধবার)/সুবিধাজনক সময়ে |

খ. পুলিশ টেলিকম সংস্থা :

১. কনস্টেবল হতে এএসআই পদে বিভাগীয় পদোন্নতি পরীক্ষা:

| ক্রম. | পরীক্ষার বিষয় ও পূর্ণমান | তারিখ, দিন ও সময় |
|---|---|---|
| ১. | আইন ও বিধি: লিখিত পরীক্ষা (পুস্তকসহ); নম্বর-২০ | ১১/১০/২০২৬ খ্রি. (রবিবার), ১০.০০ ঘটিকা |
| ২. | টেলিকম সম্পর্কিত জ্ঞান: লিখিত পরীক্ষা- অপারেশন্যাল (পুস্তক ব্যতীত): নম্বর ৫০ | ১২/১০/২০২৬ খ্রি. (সোমবার), ১০.০০ ঘটিকা |
| ৩. | টেলিকম সম্পর্কিত জ্ঞান: লিখিত পরীক্ষা-মেইনটেন্যান্স (পুস্তক ব্যতীত): নম্বর-৫০ | ১২/১০/২০২৬ খ্রি. (সোমবার), ১০.০০ ঘটিকা |
| ৪. | প্রাকটিক্যাল; নম্বর-২০ | ১৪/১০/২০২৬ খ্রি. (বুধবার)/সুবিধাজনক সময়ে |
| ৫. | প্যারেড; নম্বর-১০ | ১৪/১০/২০২৬ খ্রি. (বুধবার)/সুবিধাজনক সময়ে |
| ৬. | সাক্ষাৎকার ও চাকরির খতিয়ান; নম্বর-২৫ | ১৪/১০/২০২৬ খ্রি. (বুধবার)/সুবিধাজনক সময়ে |

২. এএসআই হতে এসআই পদে বিভাগীয় পদোন্নতি পরীক্ষা:

| ক্রম. | পরীক্ষার বিষয় ও পূর্ণমান | তারিখ, দিন ও সময় |
|---|---|---|
| ১. | আইন ও বিধি: লিখিত পরীক্ষা (পুস্তকসহ); নম্বর-২০ | ১১/১০/২০২৬ খ্রি. (রবিবার), ১০.০০ ঘটিকা |
| ২. | টেলিকম সম্পর্কিত জ্ঞান: লিখিত পরীক্ষা- অপারেশন্যাল (পুস্তক ব্যতীত): নম্বর-৫০ | ১৩/১০/২০২৬ খ্রি. (মঙ্গলবার), ১০.০০ ঘটিকা |
| ৩. | টেলিকম সম্পর্কিত জ্ঞান: লিখিত পরীক্ষা-মেইনটেন্যান্স (পুস্তক ব্যতীত); নম্বর-৫০ | ১৩/১০/২০২৬ খ্রি. (মঙ্গলবার), ১০.০০ ঘটিকা |
| ৪. | প্রাকটিক্যাল; নম্বর-৩০ | ১৫/১০/২০২৬ খ্রি. (বৃহস্পতিবার)/সুবিধাজনক সময়ে |
| ৫. | প্যারেড; নম্বর-২০ | ১৫/১০/২০২৬ খ্রি. (বৃহস্পতিবার)/সুবিধাজনক সময়ে |
| ৬. | সাক্ষাৎকার ও চাকরির খতিয়ান; নম্বর-৩০ | ১৫/১০/২০২৬ খ্রি. (বৃহস্পতিবার)/সুবিধাজনক সময়ে |

মোঃ আবু হাসান, বিপিএম-সেবা
বিপি-৭৫০৫১০৯০২১
অ্যাডিশনাল ডিআইজি (রিক্রুটমেন্ট অ্যান্ড ক্যারিয়ার প্ল্যানিং-১)
বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
☎ ২২৩৩৫৫৩১৯
ই-মেইল : addldigr_cp1@police.gov.bd

পরিশিষ্ট-খ

# পুলিশের অধস্তন কর্মকর্তা এবং কর্মচারীগণের বিভাগীয় পদোন্নতি পরীক্ষা ২০২৬

## বহুনির্বাচনি (এমসিকিউ) পরীক্ষার কেন্দ্র বিভাজন

| ক্রম | এমসিকিউ পরীক্ষা পরিচালনা ইউনিট | এমসিকিউ পরীক্ষা গ্রহণের স্থান | উপক্রম | জেলা/ইউনিটের নাম |
|---|---|---|---|---|
| ১ | ঢাকা রেঞ্জ | ঢাকাস্থ স্কুল/কলেজ | ১ | পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা |
| | | | ২ | এসবি |
| | | | ৩ | সিআইডি |
| | | | ৪ | পুলিশ টেলিকম সংস্থা |
| | | | ৫ | ঢাকা |
| | | | ৬ | গাজীপুর |
| | | | ৭ | মানিকগঞ্জ |
| | | | ৮ | মুন্সীগঞ্জ |
| | | | ৯ | নারায়ণগঞ্জ |
| | | | ১০ | নরসিংদী |
| | | | ১১ | কিশোরগঞ্জ |
| | | | ১২ | টাঙ্গাইল |
| | | | ১৩ | আরআরএফ, ঢাকা |
| | | | ১৪ | রেঞ্জ অফিস, ঢাকা |
| | | | ১৫ | ইন-সার্ভিস ট্রেনিং সেন্টার, গাজীপুর |
| | | | ১৬ | ইন-সার্ভিস ট্রেনিং সেন্টার, টাঙ্গাইল |
| | | | ১৭ | ম্যাস র‍্যাপিড ট্রানজিট (এমআরটি) |
| | | | | |
| ২ | ঢাকা রেঞ্জ | ফরিদপুর জেলাস্থ স্কুল/কলেজ | ১ | ফরিদপুর |
| | | | ২ | গোপালগঞ্জ |
| | | | ৩ | মাদারীপুর |
| | | | ৪ | রাজবাড়ী |
| | | | ৫ | শরীয়তপুর |
| | | | ৬ | হাইওয়ে পুলিশ, মাদারীপুর রিজিয়ন ফরিদপুর |
| | | | ৭ | ইন-সার্ভিস ট্রেনিং সেন্টার, মাদারীপুর |
| | | | | |
| ৩ | চট্টগ্রাম রেঞ্জ | চট্টগ্রাম জেলাস্থ স্কুল/কলেজ | ১ | চট্টগ্রাম |
| | | | ২ | কক্সবাজার |
| | | | ৩ | আরআরএফ, চট্টগ্রাম |
| | | | ৪ | রেলওয়ে জেলা, চট্টগ্রাম |
| | | | ৫ | শিল্পাঞ্চল পুলিশ-৩, চট্টগ্রাম |
| | | | ৬ | ৮-এপিবিএন, উত্তরা, ঢাকা |
| | | | ৭ | ৯-এপিবিএন, চট্টগ্রাম |
| | | | ৮ | ১৪-এপিবিএন, কক্সবাজার |
| | | | ৯ | ১৬-এপিবিএন, কক্সবাজার |
| | | | ১০ | রেঞ্জ অফিস, চট্টগ্রাম |
| | | | ১১ | ইন-সার্ভিস ট্রেনিং সেন্টার, কক্সবাজার |
| | | | | |
| ৪ | চট্টগ্রাম রেঞ্জ | নোয়াখালী জেলাস্থ স্কুল/কলেজ | ১ | ফেনী |
| | | | ২ | লক্ষ্মীপুর |

| ক্রম | এমসিকিউ পরীক্ষা পরিচালনা ইউনিট | এমসিকিউ পরীক্ষা গ্রহণের স্থান | উপক্রম | জেলা/ইউনিটের নাম |
|---|---|---|---|---|
| | | | ৩ | নোয়াখালী |
| | | | ৪ | পিটিসি, নোয়াখালী |
| | | | ৫ | ইন-সার্ভিস ট্রেনিং সেন্টার, নোয়াখালী |
| | | | | |
| ৫ | চট্টগ্রাম রেঞ্জ | কুমিল্লা জেলাস্থ স্কুল/কলেজ | ১ | ব্রাহ্মণবাড়িয়া |
| | | | ২ | চাঁদপুর |
| | | | ৩ | কুমিল্লা |
| | | | ৪ | হাইওয়ে পুলিশ, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা |
| | | | ৫ | শিল্পাঞ্চল পুলিশ, কুমিল্লা জোন |
| | | | ৬ | ইন-সার্ভিস ট্রেনিং সেন্টার, কুমিল্লা |
| | | | | |
| ৬ | চট্টগ্রাম রেঞ্জ | রাঙ্গামাটি জেলাস্থ স্কুল/কলেজ | ১ | বান্দরবান |
| | | | ২ | খাগড়াছড়ি |
| | | | ৩ | রাঙ্গামাটি |
| | | | ৪ | ডিআইজি, এপিবিএন (পার্বত্য জেলাসমূহ) |
| | | | ৫ | ৬-এপিবিএন, মহালছড়ি |
| | | | ৬ | ১৮ এপিবিএন, রাঙ্গামাটি |
| | | | ৭ | পিএসটিএস, বেতবুনিয়া, রাঙ্গামাটি |
| | | | ৮ | এপিবিএন এবং বিশেষায়িত ট্রেনিং সেন্টার, খাগড়াছড়ি |
| | | | ৯ | ইন-সার্ভিস ট্রেনিং সেন্টার, বান্দরবান |
| | | | ১০ | ইন-সার্ভিস ট্রেনিং সেন্টার, ৬-এপিবিএন |
| | | | | |
| ৭ | রাজশাহী রেঞ্জ | রাজশাহী জেলাস্থ স্কুল/কলেজ | ১ | রাজশাহী |
| | | | ২ | পাবনা |
| | | | ৩ | নাটোর |
| | | | ৪ | চাঁপাইনবাবগঞ্জ |
| | | | ৫ | আরআরএফ, রাজশাহী |
| | | | ৬ | আরএমপি, রাজশাহী |
| | | | ৭ | বাংলাদেশ পুলিশ একাডেমী, সারদা |
| | | | ৮ | রেলওয়ে জেলা, পাকশী |
| | | | ৯ | রেঞ্জ অফিস, রাজশাহী |
| | | | ১০ | ইন-সার্ভিস ট্রেনিং সেন্টার, রাজশাহী |
| | | | | |
| ৮ | রাজশাহী রেঞ্জ | বগুড়া জেলাস্থ স্কুল/কলেজ | ১ | সিরাজগঞ্জ |
| | | | ২ | নওগাঁ |
| | | | ৩ | বগুড়া |
| | | | ৪ | জয়পুরহাট |
